িন কেন বলেছি তার জবাবটা দিচ্ছি। এ সম্বদ্ধে বহুবার ডিসকাসান হয়ে গেছে যে আমর। িক বোডাকৈ ঠিক মত টাকা দিই না। আগরা এ সম্বদ্ধে বহুবার জবাব দিয়েছি যে বোডাকে মতবা সময় মত টাকা দিই তার পরেও আবার বলেছি কবে কত টাকা দিয়েছি তাও এয়সেম্বলীতে ধল্ছি। [12-40-12-50 p.m.]

কাজেই এর পরেও র্যাদ বলেন তাহলে কেন ঐ রকম কথা বলব না? ষাহোক, আরু একটা কথা উঠেছে যে আমরা ভুয়ার্স এ্যালাউন্স বন্ধ করেছি, সেটা আমরা বন্ধ করিনি—প্রে-কমিটি সেটা রেকমেণ্ড করেন নি. আরও একটা কথা বলা হয়েছে যে ছাত্রেরা কলেজে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে না। একথা ঠিক নয়। প্রতিবার পরীক্ষার ফল বেরুবার পর এক্থা ওঠে কিণ্ড তারপর দেখা যায় ভর্তির পরে আর ওকথা চলে না। ব্রুঝে দেখনে এবারে ডিগি কোর্সে ভতি হবে কারা ? যারা হায়ার সেকেউডারী এক্সামিনেসন পাশ করেছে এবং যার বর্ধমান ইউনিভাসি'টি থেকে প্রি-ইউনিভাসি'টি পাশ করেছে তারাও ভর্তি হবে। হায়ার সেকেন্ডারী পাশ করেছে ১৪ হাজার ৬৬৩ জন, প্রি-ইউনিভার্সিটি, ক্যালকাটা ইউনিভার্সিটির এলাকা থেকে পাশ করেছে ১৬ হাজার ৯০৩ জন আর ইউনিভার্সিটি এনট্রেন্স পরীক্ষা বর্ধমান ইউনিভারসিটি থেকে পাশ করেছে ৩ হাজার ৮৫৪ জন এবং এই সবশুশে ৩৫ হাজার ৪০০ ছাত্ ডিগ্রিকোসে ভার্ত হবার যোগ্য। সেখানে আমাদের গভর্নমেণ্ট ও আফি**লিয়েটেড** কলেঞ সিটস ফর জেনারেল এড়কেশন ইন দি আর্টস অ্যাড সাইন্স কলেজ হচ্ছে ৩১ হাজার ৮০০ ইঞ্জিনীয়ারিং ডিগ্রি কোর্সে সিট হচ্ছে ১ হাজার, ডিপেলামা কোর্স এবং পলিটেক নিকে সিট হচ্ছে ১২০০, মেডিকেলে ৫০০, এগ্রিকালচার এবং টেক্সটাইল শিক্ষাক্ষেত্রে হচ্ছে ১ হাজার অর্থাৎ সবশ্বন্ধ ৩৪ হাজার ৬০০। তাহলে সেখানে ৩৫ হাজার ৪০০ যারা ভর্তি হবার যোগ্য তাদের সংগ্য সিটস-এর সংখ্যা বাদ দিলে রইল প্রায় ৮০০ মাত্র। যারা হায়ার সেকেণ্ডারী এবং প্রি-ইউনিভার্সিটি পাশ করেছে তাদের মধ্যে একটা বড় সংখ্যা চাকুরী করতে চলে যান—যেফা এক প্রাইমারী স্কলে শিক্ষকের কাজ করতে চলে যায়। ৮০০ তো দূরের কথা, তারচেয়ে চেং বেশী, তাছাড়া নানা চাকুরী করতে চলে যায়, তারা কলেজে পড়তে চায়না। ফলে কলেজে ভার্ত হবার সুযোগ নেই এরকম কথা প্রতি বছরই ওঠে কিল্ড পরে দেখা যায় এ কথা ঠিন নয়। বিশেষতঃ আমি জানি ইউনিভার্সিটিতে একটা ব্যুরো আছে সেখানে জানালে যারা ভার্ত হতে পারবে না তদের স্থান সম্বদ্ধে নিদেশি দেওয়া হয় এবং কিছুদিন পূর্বে ইউনিভাসিটি থেকে একটা বিজ্ঞাপন দিয়েছিলেন কলকাতার নিকটবর্তী কোন কলেজে কত সিট খালি আছে এটা ইউনিভার্সিটি বারো করে থাকেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

তাহলে আমার পয়েন্ট অফ অর্ডারের কি হোল?

Mr. Chairman: There was sudden interruption from this side. Nobody can deny the right of a member to speak. He was explaining the context in which he mentioned that, and that explanation is all right.

Shri Sasanka Sekhar Sanyal: We are glad, on behalf of the Hon'ble Minister the Chairman is retracting that explanation.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সভাপতি মহাশয়, আমার বন্ধ, অধ্যাপক নির্মাল ভট্টাচার্যকে দেখছি না, দেখছি না যখন হয়ত ভলে যাব তাই সর্বপ্রথম তিনি যে কয়টি প্রশন উত্থাপন করেছিলেন তার সম্পর্কে সময খ্ব কম থ.কা সত্ত্বেও জবাব দেব। তিনি প্রথমে বলেছিলেন পারিক অ্যাকাউন্টস কমিটিতে আমাদের কাউন্সিল-এর প্রতিনিধিত্ব থাকা উচিত। এ সম্বন্ধে পূর্বেও আলোচনা হয়েছে ত আমি মাননীয় সদস্যদের এট্রকু জানিয়ে দিতে চাই যে পালিয়ামেণ্টসেও পি এ কমিটি আছে. তাতে যদিও অনেক পরে রাজ্যসভা থেকে কয়েকজনের রিপ্রেজেণ্টেশান দেওয়া হয়েছে. কিন্ট তাদের বলা হচ্ছে অ্যাসোসিয়েট মেম্বারস, তারা অ্যাসোসিয়েট করবে পি কমিটি স্পীকার মহাশয়ের অধীনে চেয়ারম্যান-এর নয়। সেজন্য আমাদের এখান থেকে কাউন্সিল থেকে ঠিক করেছি ৩ জন সদস্যদের আ^{মুর্} নেবে। অ্যাসোসিয়েট মেদ্বার্স হিসাবে। এই এস্টিমেট কমিটি যে সমস্ত রাজ্যে করা হ*য়ে*ছে সেখানে প্রত্যেক রাজ্যেই আপার হাউস থেকে কোন প্রতিনিধি নেওয়া হয়নি। এমনকি দিল্ল[ী]ে যে এন্টিমেট কমিটি আছে তাতেও রাজাসভা থেকে কোন প্রতিনিধি নেওয়া হয়নি।

দ্বংশের সংশ্ব জানাতে চাই এই হাউস থেকে, যে হাউসের প্রতি আমার শ্রন্থা আছে, দরদ আছে হারণ এক সময় আমি এই হাউসের সভ্য ছিলাম, সেখান থেকে কাউকে এস্টিমেট কমিটিতে নিতে গ্যান্ড না।

আমাদের অধ্যাপক ভট্টাচার্য লোজসলেটরস হোস্টেল সম্বন্ধে বলেছিলেন। আমি অনেক সময় অন্তব করি এ পক্ষেরও অনেক সদস্য আছেন যাদের লেভিসলেটরস হোস্টেল-এ থাকবার বাবস্থা করা উচিত। এটা-অন্যান্য প্রদেশেও আছে, বিহারে আমি দেখেছি, খ্ব ভাল ব্যবস্থা, সেদিন গিয়ে ছিলাম উড়িষ্যায় ভুবনেশ্বরে দেখেছি স্ফুলর ব্যবস্থা। আমাদের এখানে আগে কোন ব্যবস্থা হয়নি আর এখনও কিছু করতে পারিনি কারণ বােধ হয় কলকাতা মস্তবড় শহর, নানা রকম হোস্টেল-টোস্টেল আছে, আত্মীয়-স্বজন সকলেরই কিছু না কিছু আছে —কলকাতায় এমন জেলা নেই যেখানকার লােক থাকে না, কাজে কাজেই এ বিষয়ে কি করণীয় আমি ভাবছি, এ সম্বন্ধে যদি কিছু করা যায় তার ব্যবস্থা করবাে।

আর একটা খুব গুরুত্বপূর্ণ কথা অধ্যাপক ভট্টাচার্য বলেছিলেন, তাঁর জবাব দেওয়া উচিত। সেটা পূর্ণেচন্দ্র গোস্বামী সম্বন্ধে বাস্তবিক এটা অত্যন্ত দুঃখের বিষয় যে তিনি শেষ জীবনে কট পেয়েছিলেন, অনাহারে মৃত্যু ঘটেছিল কিনা জানিনা তিনি বাস্তবিকই খুব কণ্ট পেয়ে-ছিলেন। আমাদের এখানে পারিক সাফারাস'দের জন্য এ পর্যাতি ৬৬ লক্ষের উপর বায় করেছি এবং মাসিক পেন্সান যে ব্যবস্থা আছে তার পরিমাণ প্রায় ৪ লক্ষ টাকা। আমরা ঠিক করে-ছিলাম ১৯৫৭-৫৮ সালে আর পেন্সান নৃত্তন করে দেওয়া হবে না, কারণ যাদের আবেদন করার ছিল তারা ১৯৪৮ থেকে ১৯৫৮ সাল[্]এই ১০ বছরের মধ্যে নিশ্চয়ই করেছে-দ**ুই এ**কটি কেস-এ আমরা পেন্সান-এর ব্যবস্থা করেছি, কিন্তু আমরা বেশী করে আর পেন্সান দেব না বলে ঠিক করেছি। তবে এাড্হক্ কিছ্ কিছ্ দিয়ে থাকি। স্বৰ্গীয় প্ৰেচণ্ড গোস্বামী সম্বশ্ধে খোঁজ নিয়ে দেখলাম তিনি হাউস বিভিডং লোন হিসাবে কিছ, টাকা পেয়েছিলেন, সামান্য টাকা ১২৫০ টাকা, ল্যাট্রিন-এর জন্য লোন হিসাবে পেয়েছিলেন ২০০ টাকা বোধ হয় এবং তাঁর ছেলের শিক্ষার জন্য ১ বছর ১৫ টাকা করে পেয়েছিলেন। ১৯৬০-৬১ সালে মাসিক ১৫ টাকার বাবস্থা ছিল ১৯৬১-৬২ সালেও ১৫ টাকা করে মাসিক বাবস্থা হয়েছিল। সেই টাকা <u> জ করতে পারেননি, সেই টাকা এসেছে তাঁর পরিবারকে দেওয়া হবে। এ ছাড়া মাঝে মাঝে</u> আমি যখন রিফিউজি রিহ্যাবিলিটেশন মিনিস্টার ছিলাম তখন মাঝে মাঝে ডিস্কিশনারী ফাও থেকে কিছ, কিছ, দিয়েছি। কিন্তু অত্যান্ত দুঃখের বিষয় তাঁর মত রাজনৈতিক কমীর শেষ ছীবনে কণ্ট পেয়ে মৃত্যুবরণ কর'ত হয়েছে। তাঁর বয়স ৬৪ বছর হয়েছিল, এবং স্বাস্থা খ্ব ভাল ছিল না, তিনি যে কণ্ট পেয়েছেন শেষ জীবনে এটা সকলেব পক্ষেই লঙ্জার কথা।

এর পরে বলতে চাই যতীন চক্রবতী মহাশয়ের কথা, অনেক দিন পর তাঁর ওজম্বিনী বক্ততা শনেলাম।

[12-50—1 p.m.]

তিনি অনেক কথা বলেছেন—কিছ্ কিছ, আমাদেব লাজের কল্যাণের জন্য বলেছেন আবার একবার ন্য দ্বোব নয়, অনেকবার স্থান্ত্র কল্যাণের জন্য তিনি চিন্তা করেছেন। আমি সেজনা তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং আমিও তাঁব কল্যাণ চাই। আমি প্রায়ই দেখি যে তিনি আমাদের রাইটার্স বিলিডং-এব আনাচে-কাঁনাচে ছরে বেডান। আমার সংগ্য বয়েকদিন আবে দেখা হয়েছিল, আমি জিজ্ঞাসা কর্লাম ভাই দেখা হলে আমি ভাই বিল, কিন্তু এখানে তাঁকে আপনি বলব ছমি এখানে-ওখানে ছারে বেড়াচ্ছ কেন? তথন উনি বললেন যে, আমি ভেতরেব এমন সম্পত্ত যে সংগ্রহ করছি যার দ্বারা একচোট দেখিয়ে দেব। আমি মনে মনে ভাবছিলাম যে আমার বন্ধ, আমার প্রায় ছোট ভাই-এর মত যতীন চকবতী মহাশয় কি এমন তথা ফাঁস করে দেবেন যাতে আমি বিপদে পড়ে যাব! তিনি আনাচে-কানাচে ছারে কিছ্ কিছ্ তথ্য ফাঁস করেছেন ঠিকই, কিন্তু তিনি সত্য তথ্য পান নি। তিনি যেমন বললেন আমাদের এখানে আরো একজন ডি আই জি করবার আমরা নাকি ব্যবন্ধা করছি। আমরা এখনও ব্যবন্ধা করিন। তাঁকে আমি বলতে পারি যে, অবিভঙ্ক বাংলায় ৩ জন ডি আই জি, ছিলেন—একজন ডি আই জি, আই বি; আর একজন ডি আই

জি, সি আই ডি ; আর একজন ডি আই জি, এনফোর্সমেন্ট। তবে হাাঁ, আর একজন ডি আই জি করলে ভাল হয়। কিন্তু সরকার এ সম্বন্ধে এখনও কোন সিম্পান্ত গ্রহণ করেন নি। আর এ আই জি সম্পর্কেও চক্রবতী মহাশয় ঠিক তথা সংগ্রহ করতে পারেন নি। এ আই জি, অবিভক্ত বাংলায় ৩ জন ছিলেন, এখন ২ জন আছেন। একজন স্পেশাল অফিসার আছেন। তিনি বিশেষ একটা কাজে নিয্তু আছেন। মাননীয় সদস্য বোধ হয় জানেন যে, প্রিলশ কমিশনের কাজ শেষ হয়ে গেছে। তাঁদের যেসমুহত রিপোর্ট আছে তিনি সেইসমুহত দেখাশুনা করছেন। আমাদের বেৎগল পুলিশ রেগুলেসানস, এবং ক্যালকাটা পুলিস রেগুলেসান সম্বন্ধে তিনি সমীক্ষা করছেন। সমীক্ষা করে তিনি আমাদের কাছে যা ধরবেন আমরা সেই অনুযায়ী ব্যবস্থা করব। তাঁকে ভাল কাজেই লাগিয়েছি। কাজে কাজেই যতীনবাব্যুর অনুযোগ করবার কিছু নেই কেন না তিনি যেসমুহত কাজ করছেন সেগ্রলির প্রয়োজন ছিল। তারপর তিনি বলেছেন এ কি কাণ্ড রে বাবা, আমাদের মহান নেতা ডাঃ বিধানচন্দ্র রায়ের পরলোক গমনের পর নানারকম ওলট-পালট হয়ে গেছে। িতানি আমার কল্যাণের কথা চিন্তা করে এ কথা বলেছেন। আমি তাঁকে বলব যে, যদি কিছু, ওলট भानि करत थाकि, यि एएए जन्म किमानात किमानात करता थाकि करना एक स्वाप्त करता थाकि करता थाकि करता थाकि करता थाकि करता थाकि তাহলে তা আমার কল্যাণের জন্য করিনি, দেশের কল্যাণের জন্য করেছি। যদি শ্রী পি কে সেনকে আমাদের কলকাতা শহরকে পরিক্ষার পরিচ্ছন্ন করবার জন্য নিয়োগ করে থাকি তবে তা আমার কল্যাণের জন্য করিনি, দেশের কল্যাণের জন্য করেছি। আমাদের স্বাস্থ্য বিভাগের পরিবর্তনের কথা এ্যাসেম্বলীতে ঘোষণা করেছি যে, আমাদের স্বাস্থ্য বিভাগে আমরা পথেক সেক্রেটারী করব ডাক্তার, সেকেটারী হবে না। আমাদের এ্যাডামিনিস্টেস।নের জন্য যেমন অন্য বিভাগে সেকেটার্র আছেন, আমাদের স্বাস্থ্য বিভাগেও তেমনি সেকেটারী থাকবেন। মাননীয় স্বাস্থ্য মন্ত্রীমহাশঃ আমার সংগ্যে এ বিষয়ে একমত হয়েছেন। আমরা স্বাস্থামন্ত্রীর সংগ্রে পরামর্শ করে এই সিন্ধান্ত গ্রহণ কর্মেছি যে, আমাদের দুজন ডিরেক্টর থাকবেন একজন ডিরেক্টর থাকবেন গ্ল্যানিং এন্ড এ।ডিমিনিস্ট্রেসানের কাজে, আর বাকি সমস্ত কাজ করবেন অন্য একজন ডিরেক্টর। শিক্ষা দণ্ডরের সম্বদ্ধেও আমরা একট্র-আধট্র পরিবর্তানের পরিকল্পনা গ্রহণ করেছি। কিন্তু আমি আমাদের শ্রুদেধর শিক্ষামন্ত্রী মহাশরের সংখ্য প্রামশ করবার সময় পাই না। তাঁর সংখ্য প্রামশ করে আমরা করব। দেশে শিক্ষা খূব প্রসার লাভ করেছে, আগের তুলনায় অনেক অগ্রগতি হয়েছে। অথন্ড বাংলায় শিক্ষা খাতে ২ কোটি টাকা বায় হত, আজ সেখানে খণ্ডিত বাংলায় ২২-২৩ কোটি টাকা ব্যয় করা হচ্ছে--কাজ হচ্ছে নিশ্চয়ই। শিক্ষা দণ্তর সম্বন্ধে সন্তোষ ভট্টাচার্য মহাশয় ে কথা বলেছেন, আমি তাঁর সংখ্য একমত যে, এটা তাড়তাড়ি করা উচিত। আমি শিক্ষামন্ত মহাশয়ের সংগে প্রাম্শ করে তাড়াতাডি ব্রক্থা গ্রহণ করব। আমার বণ্ধা রসাল সাহেব বলেছেন

Shri Jatin Chakravorty:

রেডিওগ্রামটা কি হোল? ডেপ্রটী মিনিস্টার য়্যারেস্ট করতে পারে কি-না জবাব দিন।

The Hon'ble Prafulla Chandra Sen:

ডেপ্টৌ মিনিদ্টার য়্যারেম্ট কবতে পারে না, পর্নলস য়্যারেম্ট করতে পারে।

Shri Jatin Chakravorty:

ঐ যে লিস্টটা দিয়েছি, সেই ভদ্রলোক সম্পর্কে--সেই ভদ্রলোককে জেনারেল ম্যানেজার, ডেভেলপ-মেন্ট কর্পোরেসন করেছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা আমার বন্ধ্ব বলেছেন, সেটার উত্তর না দিলে অন্যায় হবে। তিনি বলেছেন দ্রীয্ত্ত অতুল্য যে য মহাশয়ের সম্বন্ধে। তিনি আমাদের প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি। আমি কোন সরকারী কান্ধ সম্বন্ধে তাঁর সপে কোনদিন আলোচনা করিনি এবং কোন সরকারী কর্মচারী তিনি আমার সপ্তো দেখা করতে গিয়েছেন বলে অস্বিধা হয়েছে বলে আমি কিছ্ব জানি না। তবে হাাঁ, এটা সত্য যে, আমাদের নীতিগত বিষয় সম্বন্ধে আমি দ্রীয়্ত্ত অতুলা

দ্যার মহাশরের সঙ্গে আলোচনা করেছি এবং ভবিষ্যতেও করবো. কেন না আমরা যে কংগ্রেস প্রতিষ্ঠানের সেবক সেই কংগ্রেস প্রতিষ্ঠানের যিনি সভাপতি তাঁর সঙ্গে আমরা প্রামর্শ করবো। আমার বন্ধ, গ্রীরস্কুল সাহেব অনেক কথা বলেছেন। উনি প্রথমে যখন বলতে আরুভ করলেন তখন একটা ধীরেস,ন্তেথ আমাদের এত দোষ, এত চুটী কোধায় বা আরুভ করবেন, আর কোধায় বা পামবেন। আরো অনেক কিছু উনি বলে গেলেন। উনি এবং আমাদের বন্ধু শ্রীনরেন দাস মহাশয় বঙ্গেন যে অর্থ ব্যয় করবার জন্য আমরা তো অনুমতি চাচ্ছি এই য়্যাপ্রোপ্রিয়েসন বিলের মাধ্যমে, কিন্তু টাকাটা ঠিক আমরা খরচ করি না। শ্রীনরেন দাস মহাশয় বোধ হয় বলেছেন যে, শতকরা ১৬ ভাগ আমরা বায় করতে পারিনি, কিন্তু আমি শ্রীনরেন দাস এবং রস্কুল সাহেবকে তাহলে দেখতে পাবেন যে আমরা ঠিক যে টাকা বায় করবো বলে মনে করেছিলাম তার চেয়ে ক্য বার করিনি। আমি তিন বছরের কথা শ্রীনরেন দাস মহাশয়কে বলছি --১৯৫৬-৫৭ সালে রেভিনিউ এবং ক্যাপিটালে আমাদের বাজেটে ধার্য ছিল ৮৯ কোটি ১৭ লক্ষ টাকা, আর খরচ হল ৯১ কোটি ৫৬ লক্ষ টাকা। এটা সতা যে, রেভিনিউ এবং ক্যাপিটাল অনেক সময় অদলবদল হয়, তাতে কিছু আসে যায় না. কিন্তু মোট বায় যেখানে ৮৯ কোটি ১৭ লক্ষ টাকা করবার এস্টিমেট ছিল সেখানে ৯১ কোটি ৫৬ লক্ষ টাকা হয়েছে। তারপরের বছর ১৯৫৭-৫৮ সালে রেভিনিউ এবং ক্যাপিটাল ধরে আমাদের বায় করবার কথা ছিল ৯৮ কোটি ৮৯ লক্ষ টাকা এবং এতে আমরা বায় করেছি কিছ কম. ৯৮ কোটি ৩৪ লক্ষ টাকা। তার পরের বছর ১৯৫৮-৫৯ সালে আমদের রেভিনিউ এবং ক্যাপিটাল মিলে বায় করণার কথা ছিল ৯৪ কোটি ৪৯ লক্ষ টাকা, আর আমরা বায় কর্রোছ ১০৩ কোটি ২৭ লক্ষ টাকা। শ্রীনরেন দাস মহাশয় যা বলেছেন সেটা সত্য কথা আন্যা স্বীকার করি ্য, কোন কোন ক্ষেত্রে রেভিনিউ মেটা ধার্য ছিল তা আমরা বায় করিনি, ক্যাপিটাল হয়ত বেশি বায় করা হয়েছে, তবে এইরকম য়াডিজাস্টমেন্টের অনেক সময় প্রয়োজন হয়।

[1-1-10 p.m.]

্বে এইরকম স্থাড্জাস্ট্মেন্ট অনেক সময় প্রয়োজন হয়। এবং কেন প্রয়োজন হয়? সময় মোটেই নাই। যদি সময় থাকতো, তাহলে নিশ্চয়ই আমি সে সম্বন্ধে আলোচনা কর্তাম।

শ্রীযান্ত সন্তোষ ভট্টাচার্য মহাশয় যেসমসত কথা বলেছেন, তার মোটামানিট উত্তর মাননীয় শিক্ষানতী মহাশয় দিয়েছেন। আমি সল্তোষ ভট্টাচার্য মহাশয়েক ললতে চাই শিক্ষক মহাশয়েদের বেতনবৃদ্ধি তাঁরা যেমন মনে করেন প্রয়োজন, আমরাও সেইর্প মনে করি। কেন? শিক্ষক যাঁরা আমাদের দেশে, আগের তুলনায় শিক্ষকদের সংখ্যা কত বেড়েছে। আগে যেখানে ২৯ হাজার শিক্ষক ছিল, সেখানে এখন ১ লক্ষ শিক্ষক। গ্রামে গ্রামে, শহরে শহরে, ছাত্র সংখ্যাও বেড়েছে, ছাত্রী সংখ্যাও বেড়েছে। নিশ্চয়ই আমাদের দেখতে হবে, সবাইকে দেখতে হবে শিক্ষক মহাশয়দের বেতন যাতে আরো বাড়ে। কিন্তু সবদিক বভায় রখে হিসেব করে এটা রাড়াতে হবে। আমরা জানি প্রাথমিক শিক্ষক মহাশয়দের বেতন অনেক বাড়ান হয়েছে। আমি নিজে অবশ্যা মনে করি তাঁদের বেতন একশো টাকার কম হওয়া উচিত নয়। আমরা তাও করে দিতে পাড়ছি না। পশ্চিমবাংলার যে আথিক অবস্থা, তাতে যা করা হয়েছে তার চেয়ে বেশী করতে পারছি না। একটা বিষয় সমরণ রাখা উচিত যে, অন্য প্রদেশের চেয়ে আমাদের বেতনের হার কি কম? আমরা যদি দেখি তাহলে দেখবো একটা কি দন্টো প্রদেশ ছাড়া আমাদের এখনকার বেতনের হার অন্যান্য সব প্রদেশের চেয়ে বেশী। কাজে কাজেই দেশের প্রয়োজনে, আমাদের প্রয়োজনে যাতে ভবিষাং জাতিকে গ'ড়ে তোলা যায় তার জন্য তাঁদের বেতনবৃন্ধি নিশ্চয়ই করা উচিত, যতদ্বে আমাদের

তারপর রস্কাল সাহেব অনেক কথা বলেছেন। তার মধ্যে একটা কথা বলেছেন, ম্লা বৃন্ধির কথা। সেদিন আমার এক বন্ধুকে বলেছিলাম ভাই, তোমার মনে আছে ১৯৩৯ সালের পূর্বে ধানের দর আরামবাগ মহকুমায় চৌন্দ আনা মন হরেছিল? বন্ধু বললেন হাাঁ, মনে আছে। সেই বছর চৌন্দ আনা যখন ধানের দর, তখনও লোক না খেয়ে মরেছে? তিনি বললেন হাাঁ। আর আজ সেখানে ধানের দর কত? এখন ১৬৮০ আনা মণ। মরছে কেমন? কাজে কাজেই আমাদের বুঝতে হবে, পন্চিমবাংলার অবন্ধা ভালকরে হুদয়ংগম করতে হবে। পন্চিমবাংলার

লোকসংখ্যা আগে পার্টিশনের পরে, ২ কোটি ১২ লক্ষ ছিল, তারপর কুচবিহার এলো, প্রণিয়া ইত্যাদি এল, সেই লোকসংখ্যা বাড়তে বাড়তে হলো ২ কোটি ৬২ লক্ষ। এটা ১৯৫১ সালের সেন্সাসের হিসাব। তারপর ১৯৬১ সালে যে সেন্সাস গ্রহণ করা হয়েছে, লোকগণনা করা হয়েছে, তাতে কি দেখি? ৩ কোটি ৪৯ লক্ষ। এটা হলো কি করে? আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে প্রায়ই জবার্বিদিই দিতে হয় হাসপাতাল সম্বন্ধে। আপনাদের হাসপাতালে এত অব্যবন্ধা কেন? তা সত্ত্বেও এও সত্য ভারতবর্ষের মধ্যে যত প্রদেশ আছে—আগে যে হাওয়া বদল হতে যেতাম—বিহারে, উত্তরপ্রদেশে, সেইসমন্ত জায়গা থেকে আমাদের পশ্চিমবাংলার ন্বাস্থ্য এদিক দিয়ে ভাল—আমাদের মৃত্যুর হার সবচেয়ে কম, বিহারের চেয়ে কম, উত্তরপ্রদেশের চেয়ে কম। আগে আমরা প্রজার সময় দেওঘরে যেতাম হাওয়া বদল করতে। কারণ, আগে ওখানে ম্যালেরিয়ার ডিপো ছিল। আজ সেখানে এন্টিবার্মেটিকস্ প্রয়োগ করে সেটা নির্মাল করা হয়েছে। এর কারখানা আজ বিহারে আছে, মাদ্রাজে আছে, উড়িয়ায় আছে, অন্ধে আছে, এই এন্টিবার্মেটিকস্ আজকে সর্বন্ধ মুড়িন্ম্ডকীর মত বিক্রী হচ্ছে। সেখানে যে-কোন জায়গায় মৃত্যুর হার ১২, কোথাও বা ১৪: আর পশ্চিমবাংল য় সাড়ে সাত। নিশ্চয়ই এটাতে স্বাস্থামন্ত্রীর কৃতিত্ব আছে। (এ ভয়েসঃ এবার তাহলে প্রজার সময় আরামবাণে যাবো।)

আমাদের এখানে বেকার সমস্যা যে আছে. এবং বেকার সমস্যার যে তীব্রতা আছে, এ সম্বন্ধে কোন দ্বিমত নেই। কিন্তু এও আমি বলবো আমাদের পশ্চিমবাংলায় - যদিও একজন মাননীয় সদস্য বলেছেন মশাই, ঐ হাওড়া স্টেশনে যদি যাই, তাহলে দেখবো এখনও লোক নামছে—বিহার থেকে লোক আসছে, অন্ধ্র থেকে আসছে, মাদ্রাজ থেকে আসছে। তারা সকলে এখানে আসছে কেন? না, কাজের সন্ধানে। আর আমরা শ্ব্রু খাতায় নাম লেখাছি। মাননীয় বিজয় সিং নাহারের এমগলানেট এক্সচেঞ্জের খাতায় নাম লেখাছি। এমগলায়নেট এক্সচেঞ্জের সামনে দিয়ে আমি সকাল বেলায় যখন যাই, দেখতে পাই সেখানে লোকের কি ভীড়, সারিবন্ধ ভাবে সেখানে অনেক লোক বসে আছে, তা দেখে লঙ্জায় মাথা হেণ্ট হয়ে যায়। আমি আজকাল সকালে রাইটার্স লিল্ডিং-এ পোন সাতটার সময় যাই। আবার কোন্দিন হেণ্টেও যাই, তখন দেখি এমগলায়নেট এক্সচেঞ্জের সামনে ৫০।৬০।৭০ জন লোক সকাল থেকে বসে আছে। দেখে কণ্ট হয়। বাইরে থেকে লোক এখানে আসছে কাজের জন্য।

আমাদের দুর্গাপ্রের বিরাট শিল্প কারখানা হয়েছে। স্বর্গায় ডাঃ বিধানচন্দ্র রায়, তিনি স্বনামধনা ছিলেন, তিনি বাংগালীর মতিগতি ব্রতেন, তাই তিনি সেখানে এমন, এমন শিল্প গড়ে গিয়েছেন, যেখানে বাংগালী কাজ করতে পারে। দুর্গাপ্রের যে কোক্-ওভেন হোক বা থার্মাল পাওয়ার প্লান্ট হোক, বা যে কেমিকালে ইন্ডাম্ট্রিজ হোক, সেখানে আজ বাংগালী কাজ করছে। কিন্তু দুর্গাপ্রের ও অনানা জায়গায়, যেখানে স্কিলড লেবারের প্রয়োজন হবে, বা সেমি-স্কিলড লেবারের প্রয়োজন হবে, বা সেমি-স্কিলড লেবারের প্রয়োজন হবে, সেখানে আমরা যাবো কেন? কখনও যাবো না।

কলকাতা কপোরেশনে ৩৫ হাজার কমী আছে, তার মধ্যে ২৯ হাজার কমী হচ্ছে বাংগালী। আমরা কাজ করতে পারবো না, কেন? আমাদের ন্যাসনাল ভলেন্টিয় র ফোর্সে সব বাংগালী বিভিন্ন জায়গা থেকে এদের সংগ্রহ করেছি, যেমন মালদা, কুচবিহার, বাঁকুড়া, বীরভূম এবং চবিশাপরগনাও আছে। তারা কি স্কুদর কাজ করছে, আমাদের গর্ব হচ্ছে। আমাদের প্রধানমন্ত্রী মহাশয় এলেন, তিনি বললেন আমি যাবো সেখনে দেখতে তাদের কাজ। তিনি বললেন, তারা কোথায় থাকে, আমি দেখতে যাবো। তিনি সেখানে গেলেন, অনেকক্ষণ ধরে তাদের সংগে আলাপ করলেন, এবং সমস্ত দেখেশুনে তিনি খুব খুশী হলেন, আনন্দিত হলেন। তারা বাংলাদেশের বিভিন্ন স্থান থেকে এসে, এখানে ময়লা পরিক্ষার করছে। আমরা যাতে আরও কিছু কিছু এই রকম ম্যান্য়াল লেবার কর্ম সংস্থান করতে পারি, তার জন্য চেন্টা করছি। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় বলেছেন, আমাদের এখানে যে ৬ লক্ষ্ম ৭০ হাজার কমী বড় বড় ফ্যাক্টরীতে নিযুক্ত ছিল, আজকে সেখানে ৭ লক্ষ্ম ৩০ হাজার হয়েছে। অবশ্য, যত লোকসংখ্যা এখানে বেড়েছে, সেই তুলনায় এটা বিশ্বেষ কিছু নয়, খ্ব কম। তবুও আমি বলবো আমাদের অন্যান্য শিল্পে ছোট, মাঝারী এবং কুটিরশিল্পে ঢের বেশী লোক নিযুক্ত আছে। আমি এর একটা হিসাব করেছিলাম। ১৯৪৮ সালে ছোট, ছোট কুটিরশিল্পে এবং মাঝারী শিল্পে নিযুক্ত বাংগালীর সংখ্যা ছিল ৬ লক্ষ্ম ৬০

হাজার, সেখানে আজকে দাঁড়িয়েছে প্রায় ১৬ লক্ষ ৪০ হাজার। তেমনি আমাদের সরকারী কর্ম-চারীদের সংখ্যা দেখন। ১৯৪৭ সালে সরকারী কর্মচারীদের সংখ্যা ছিল ৭৭ হাজার। আজ কত? আজকে সেখানে দাঁড়িয়েছে ২ লক্ষ ১১ হাজার। তাছাড়া, আজকে আমাদের এখানে শিক্ষকদের সংখ্যা কত বেড়েছে। কাজে কাজেই, আমরা চেণ্টা করছি, কিণ্ডু পেরে উঠতে পার্রাছ না। খাতায় যাদের নাম আছে, তার সংখ্যা বোধ হয় ৩৫ লক্ষ হবে। এবং আরও এমন অনেক আশ্রয়্রার্থি ভাই, বোনরা আছে, যারা পাকিস্তান থেকে এখানে চলে এসেছে। এ সম্বন্ধে মাননীয় সদস্যরা আমার চেয়ে কম জানেন না। এর মধ্যে বোধ হয় প্রায় ১৭।১৮ হাজার লোক শিক্ষিত, এবং তাঁরা অনেকেই দেশের জন্য ত্যাগ স্বীকার করেছেন, অনেকে কারাবরণ করেছেন, অনেকে আন্দামান ফেরং। এর মধ্যে উকিল, ডাক্তার, এমন লোকও আছেন। এ ছাড়াও সেখানে অন্যান্য কাজ করতেন, এরকম বহু লোক এসেছেন। কাজে কাজেই আমাদের এখানকার পশ্চিমবাংলার ষে সমস্যা, এই সমস্যার সপ্যে অন্য কোন প্রদেশের সমস্যার সংগ্য তুলনা হয় না। আমরা বেকার সমস্যা সমাধান করতে পারিনি, এটা সত্য; তবে অনেকদরে এগিয়েছি।

রস্বল সাহেব পাটের দরের কথা বলেছেন। এটা বলা বড় ম্ফিকল। কারণ, পাটের দর যদি খুব বেশি বেড়ে যায় অমনি দেখি আউসের জমি চলে যাচ্ছে পাটের চাষে।

[1-10-1-20 p.m.]

আমি এই কিছুদিন আগে নদিয়া জেলায় গিয়েছিলাম। সকালে বেড়াতে বেড়াতে এক কৃষকভাই-এর বাড়িতে গেলাম। তাকে জিজ্ঞাসা করলাম, ভাই তোমার জমি কত, সে বললো ১৬ বিঘা। পাট দিয়েছো কত? আজ্ঞে, ১২ **বিঘা।** আউশ দিলে কত? আজ্ঞে ৪ বিঘা। গত বংসর কি দিয়েছিলে? এর উল্টো ১২ বিঘা আউশ আর ৪ বিঘা পাট। কাজে কাজেই আমাদের হয়ত নিয়ন্ত্রণের প্রয়োজন হতে পারে। আমরা কৃষিবিভাগ থেকে এটা ঠিক করেছি যে, ১০ লক্ষ একরের বেশি জমিতে আমরা আমরা ১০ লক্ষ একরে পাট করবো, প্রতি একরে ৩ই বেল করে উৎপাদন করবো, তাহলে ৩৫ লক্ষ বেল আমরা পাবো। তার বেশি আমরা করবো না। আমাদের বহু আউশ চাষের জমিতে পাট চাষ করছি একথা সতা। কিন্তু একথাও সতা, পশ্চিমবংগে যত চাষের উপযোগী জমি আছে. ভাল, মাঝারি, মন্দ, যত চাষের উপযোগী জমি আছে তার শতকরা ৮৭ ভাগ জমিতে আমরা চাষ করছি। পূথিবীতে এত কোথায়ও হয় না। চীনের সংগে যদি তলনা করি তাহলে মাননীয় সদসারা ব্রুক্তে পারবেন। চীনে যত ইউজেবেল ল্যান্ড আছে তার শতকরা ২৫ ভাগ চাষ হচ্ছে। আর জিওগ্রাাফিক্যাল এরিয়ার ১১ অংশ চাষের আমলে আজকে আনা হয়েছে। আর পশ্চিমবঙ্গে ইউজে-বেল ল্যান্ড-এর শতকরা ৮৭ ভাগ, আর আমাদের জিওগ্র্যাফিক্যাল এরিয়ার ৬৫ ভাগ। প্রথিবীর ইতিহাসে এর তুলনা নেই। সতিটে জামর উপর চাপ বেড়েছে: লোকসংখ্যা বেড়েছে, মৃত্রার হার কমেছে জন্মশাসন আমরা সেরকমভাবে করতে পারিনি। কাজে কাজেই আমাদের বেকার সমস্যা আজ তীর সে বিষয় সন্দেহ নেই। তব্ একথা আমরা বলবো, আজকে পশ্চিমবংগের গ্রামেই আমরা যাই, আর শহরেই যাই, আমরা দেখি বাংলার অবস্থা আগের তুলনায় ঢের ভাল। যদি আমরা দেখি ১৯৩৯ সালে কি ছিল, ১৯৪৩ সালে কি ছিল, আর আজকে কি হয়েছে। সতিই চা'লের দাম ২৪ টাকা, তেলের দাম বেশি এবিষয় সন্দেহ নেই। মাছের দামও বেডেছে। একজন সদস্য বলেছেন, মাছের দাম কমিয়ে দিন। আমার কাছে অনেক বন্ধ, সেদিন গিয়েছিলেন যতীনবাব, গিয়েছিলেন কি-না জানি না আমি বলেছিলাম যে আমাদের এই শহরে ধরে নিলাম এখন ৫ লক্ষ লোক আহে যাদের ক্রয় শক্তি আছে মাছ কিনবার। মাছের দাম ৫।৬ টাকা তথন ছিল। আচ্চা যদি মাছের দাম ৩ টাকা করে দেওয়া যায়, তাহলে ১০ লক্ষ লোকের ক্রয় শক্তি হবে। মাছের পরিমাণ বাডছে না। আর যদি মাছের দাম ২ টাকা করে দেওয়া হয় তাহলে ৩০ লক্ষ লোক কলকাতার আছে তার মধ্যে ২২ লক্ষ লোক মাছ থাবে। কাজে কাজেই মাছ তথন রেশন করতে হবে। আমি তখন আমাদের বিবোধী দলের নেতাকে বলেছিলাম রেশন করতে রাজী আছেন এক আউন্স করে মাছ পাওয়া যাবে প্রতি লোকের ভাগে। তিনি তখন বলেছিলেন, না, না, রেশন করা চলবে না। আর যদি মাছের দাম জোর করে কমাতে চান তাহলে যারা মেছ্নী, তার। লোকের বাড়ি বাড়ি গিরে ফেরী করে ৮ টাকা সের বিক্রি করবে। সমস্যা সমাধান হবে না। আজকে উৎপাদন বাড়ানর দিকে দূষ্টি দেওয়া দরকার এবং সে দূষ্টি আমরা দিয়েছি। আমাদের এখানে বলেছেন যে, মুদ্রাস্ফীতি হচ্ছে। হচ্ছে ঠিক, হবেই ত। আমরা দ্বিতীয় পঞ্বাধিকী পরিকল্পনার ১,১৭৫ কোটি টাকা বাইরে থেকে এনেছি। অর্থাং যে টাকার কোন স্ন্যাসেটস পিছনে নেই। কিন্তু আমরা, যাতে তৃতীয় পঞ্বাধিকী পরিকল্পনায় মুদ্রাম্ফীতিজনিত মূল্য বৃদ্ধি না হয় সেইজন্য মাত্র ৩৭৫ কোটি টাকা আমরা বাইরে থেকে আনছি। কাজে কাজেই আমার মনে হয় তৃতীয় পঞ্বাধিকী পরিকল্পনা যদিও খ্বই স্যামবিশাস, কিন্তু তা সত্ত্বেও ওটা আমরা সার্থক করতে পারবো এবং মূল্য তত্ত বাড়বে না।

আমাদের পর্লিসের দর্নীতি সম্বন্ধে অনেক কথা বলেছেন, আবার প্রলিসের বায়ও আমাদের বেডে চলেছে। আমাদের বন্ধ্বর বলেন প্রলিসের বায বাডা তবার্ভ মহাশয় অবাক বৈ-কি! হচ্ছেন. হবেন এত রকমের থেকে বাংলাদেশে. কলকাতা শহরে আসে. আমি মাননীয় শশাৎক মহাশয়কে এটুক বলতে পারি এখানে বাংগালী আছে, বিহারী আছে আছে, পাঞ্জাবী আছে, কে কোথা থেকে কোন দিক দিয়ে ঢুকে কি করছে, জানা শস্তু। কাজে কাজেই আমাদের প**্**লিস ফোর্সের ব্যয় যদি সামান্য কিছ**্ব বাড়ে তাতে আশ্চর্য হবার কিছ**্ব নাই। বিরোধীপক্ষের বন্ধাবর যাই বলান, ল এ্যান্ড অর্ডার রক্ষা করবার জন্য আমাদের পালিস দরকার। এখানে আরেকটা কথা বলা হয়েছে যে, এখনো পশ্চিমবাংলার ২৫ জন রাজনৈতিক বন্দী আছেন। মাননীয় সদস্যবর জানেন আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় গতবার কয়েকজন রাজনৈতিক বন্দীদের মুক্তি দিয়েছিলেন, এবং আমরা এবার বিবেচনা করছি ক্য়জন রাজনৈতিক বন্দীদের ম.ভি দিতে পারি কিনা—স্বাইকে দিতে পারি কিনা সেটাও আমরা নিশ্চয়ই বিবেচনা করব। ঔষধপত্তের ভেজাল সম্বন্ধে আমি মাননীয় সদসাদের একথা বলতে পারি যে, সম্প্রতি আমরা একটা কমিশন নিয়োগ করেছি, এবং এতে সকলেই সন্তন্ট হয়েছেন। তারপর कालकारो स्मार्थिक्तिका ज्ञानिः अर्थानारेखन्त मन्दर्ग्य अस्तकत्रकम धार्ये आहि। कालकारी মেট্রোপলিটান স্ল্যানিং অর্গানাইজেশন কোন অর্থারটি নয়। আমাদের দেশে টাউন স্ল্যানিং নাই বল্লেই চলে। আমাদের প্রধানমূলী যখন কলিকাতায় এসেছিলেন তিনি বলেছিলেন দিল্লীতে যাঁৱা বিদেশথেকে এসে টাউন ॰ল্যানিং-এর ব্যবস্থা করেছেন তাঁদেরই মধ্যে কয়েকজন কলকাতায় এসেছেন। আমাদের বিলের সমস্যা, জলনিন্কাশনের সমস্যা, পানীয় জলের সমস্যা, পরিবহন সমস্যা, রাস্তার সমস্যা, বৃহিত উল্লয়ন ও বৃহিত অপসারণের সমস্যা, হুগুলি নদীর জলে স্যালাইনিটি-র সমস্যা আমাদের আজকে এই যে এতগুলি সমস্যা, এই সমস্যাগুলির সম্বন্ধে সূর্বিবেচনা করে একটা মাস্টার স্লান তৈরি করবার জন। আমরা এ'দের উপর ভার দিয়েছি। যদি প্রয়োজন হয় তবে আমরা নিশ্চয়ই একটা অর্থারিটি নিয়োগ করব। তারপর রস্কল সাহেব একটা বিষয় উত্থাপন করেছেন সেচের ব্যাপারে, বড় সেচ ব্যবস্থা এবং ছোট সেচ ব্যবস্থার মধ্যে আমরা অনেক সময় দেখেছি যে, ছোট ছোট সেচ ব্যবস্থায় জলের তাড়াতাড়ি কাজ পাওয়া যায়। কিন্তু আমরা অদ্যাবধি ছোট সেচের বাবপথা করিনি। সম্প্রতি আমরা ঠিক করেছি যে, ১০ হাজার টাকা থেকে ১ লক্ষ টাকা পর্যন্ত সেচপরিকল্পনায় আমরা লোকের কাছ থেকে কন্ট্রিবিউশন নেব না, সরকার নিজেই সেটা বহন করনে। ১০ হাজার টাকা পর্যন্ত হলে লোকের কন্ট্রিবিউশন নেওয়া হবে। উদ্দেশ্য কি! ছোট ছোট সেচপরিক পনা করে সেগ্রিল যদি ভালোভাবে মেনটেন না করা যায়, তাহলে এক বছরের মধ্যেই সেগ্ললি খতম হয়ে যাবে। এই হল একটা বিপদ ছোট সেচ পরিকল্পনার। আরেকটা বিপদ হল, রুখো, শুকো, ড্রট যখন হয়, অনাব্ছিট হয় তখন ছোট ছোট পরিকল্পনা দিয়ে কোন কাজ হয় না, কেন না আমাদের দেশে সর্বাকছাই নির্ভার করে বৃষ্টির জলের উপর, ময়ৢরাক্ষী তো পেরিনিয়াল সোর্স নয়। নদীর জলের উপর আমাদের নির্ভার। তবে আমরা মাঝারি পরিকল্পনা এবং তার সঙ্গে বড পরিকল্পনাও গ্রহণ করছি।

আমাদের সময় কম একট্ব পরেই আমাদের এ্যাসেম্বলী বসবে। আমি হয়তো সব কথার উত্তর দিতে পারিনি।

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that the West Bengal Appropriation (No. 2) Bill, 1962, as passed by the Assembly and transmitted to the West Bengal Legislative Council under Article 198(2) of the Constitution of India be taken into consideration, was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

The question that Schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Tht Hon'ble Prafulla Chandra Sen: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1962, be returned.

Mr. Chairman: The Bill may be returned to the Assembly without any recommendation.

Adjournment

The Council was then adjourned at 1-20 p.m. till 3 p.m. on Monday, the 6th August, 1962 in the Legislative Building, Calcutta.

Members absent

Abdul Halim, Shri, Bhuwalka, Shri Ram Kumar, Haldar, Shri Gopal, Rezaul Karim, Shri, Roy, Shri Satya Priya, Roy, Shri Surendra Kumar.

COUNCIL DEBATES

Monday, the 6th August, 1962

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 6th August, 1962, at 3 p.m. being the last day of the Twenty-seventh Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

Obituary

[3-3-10 p.m.]

Mr. Chairman: Honourable Members, I regret to announce the death of Maulana Hifzur Rahman, who was a leading Member of the Lok Sabha. He died in the early hours of last Thursday in New Delhi. He was only 62 at the time of his death. The Maulana Sahib was General Secretary of the Jamiatul-Ulema and he was also a Member of the All India Congress Committee for the past 20 years. He had been suffering for several months from cancer, and in last April he went to the U.S.A., soon after he took the oath as Member of the Lok Sabha from the Amroha Constituency in Muradabad district in U.P.

Maulana Hifzur Rahman was born at Seohara in U.P. on January 10, 1901 and was educated at the Daru-l-Ulum, Deoband. The Maulana Sahib entered politics at a very early age. He took an active part in the Khilafat movement and became a Member of the All India Congress Committee in 1936, and held various offices in the U.P. Congress, including that of the Vice President of the U.P. Congress Committee. He was elected General Secretary of the Januatu-l-Ulema which mobilised Nationalist Muslim opinion in India on the eve of our independence.

The Maulana Sahib took active interest in the welfare and uplift of the Muslim citizens of India, particularly in the sphere of education. He was a Member of the Anjuman-e-Taraqyi-i-urdu an All India Muslim Educational Conference and Court of the Aligarh University.

We all mourn his passing away. The country has suffered a great loss through the passing away of a great nationalist Muslim.

Honourable Members, I now request you to stand in silence for two minutes to express the condolence of the House.

(At this stage, the Honourable Members rose in their seats and remained standing in silence for two minutes.)

Thank you, Honourable Members. The Secretary will send our message of condolence on behalf of the House to the family of the deceased.

STARRED QUESTIONS

to which oral answers were given

The linking up of the river Hooghly with Durgapur

- *7. Shri Narendra Nath Das: Will the Hon'ble Minister in charge of the Irrigation and Waterways Department be pleased to state—
 - (a) whether linking up of the river Hooghly with Durgapur is major objective of the D.V.C.; and
 - (b) if so, the progress made in this regard?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: (a) No. It does not come under the three main objects of the D.V.C., viz., Irrigation, Power and Flood Control.

(b) Subsidiary objects include navigation and the D.V.C. is excavating a canal linking Durgapur with the river Hooghly which is meant for navigation. Opening of the canal of navigation has been deferred pending clearance of heavy siltation in about 2 miles at the tailend of the canal.

Shri Narendra Nath Das:

मिन्नाशामा कि वलायन या शालात এই अश्मेषा करत रात आभा कता यात्र?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

খালের এই অংশটা জলের তলায় থাকে বলে ড্রেজার ছাড়া খাল কাটা যাবে না। এই সিল্টটা ১৯৫৯ সালের ফ্লাডে হঠাৎ এইরকম হয়েছিল। ডি ভি সি ড্রেজার কিনতে দিয়েছে—তারা হয়ত ১৯৬৩ সালের মার্চের আগে পাবে না। আমাদের ইরিগেশনের একটা ড্রেজার ছিল সেটা মেরামত করে ডি ভি সি সিল্ট ক্লিয়ার করবে।

Shri Narendra Nath Das:

সেই হিসাব অনুযায়ী কবে মনে করেন সম্পর্ণ হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সিল্ট ক্লিয়ার হবে মনে হয় মার্চ মাসে।

Shri Narendra Nath Das:

মার্চ', ১৯৬৩?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হাা।

Report of Enquiry about Shri Cholam Mohiuddin, Curator of the Botanical Carden

- *8. Shri Jatin Chakravorty: Will the Hon'ble Minister in charge of the Forest Department be pleased to state—
 - (a) if report of the enquiry relating to Shri Gholam Mohiuddin, Curator of the Botanical Garden, has been published;
 - (b) if not, what are the reasons;
 - (c) whether any action has been taken against Shri Mohiuddin; and
 - (d) whether any action has been taken against any other officers whose names have been implicated in the alleged offences committed by Shri Mohiuddin as mentioned in the said report of enquiry?

The Hon'ble Faziur Rahman: (a) No. (b) The report on enquiry into the departmental proceedings is confidential in character and is for official use only.

(c) ()n completion of the departmental proceedings Shri Golam Mohiuddin has been dismissed from the Government service on charges satisfactorily proved against him.

(d) No action against any other officers against whom allegations were prima facie established during the enquiry into Shri Mohiuddin's case, can be taken as Shri Mohiuddin has filed a petition in the High Court challenging the steps taken against him by Government. Government's Legal Advisers have advised that to take any action against any other officers during the pendency of the High Court matter would be improper.

Shri Jatin Chakravorty:

ভিতে যে সমস্ত অফিসারদের কথা বলেছি সেই অফিসারদের মধ্যে আর গ্রুণত এবং আইভান সূরিটার নাম আছে কি?

The Hon'ble S. M. Faziur Rahman:

এনকোয়ারীর রিপোর্ট যা সেটা একটা অখন্ড রিপোর্ট--এই রিপোর্টটা একটা এনটায়ার রিপোর্ট। এটাকে পার্টলি স্প্রিট আপ করে দেখান হয়েছে--

in the interest of Administration it cannot be disclosed.

Shri Jatin Chakravorty:

এ কথা কি সত্য যে, পরলোকগত মুখামন্তী ডাঃ বিধানচন্দ্র রায় এই নির্দেশ দিয়েছিলেন কিনা যে, কেবলমাত্র জনাব মহিউন্দীনের এনকোয়ারী করা হোক তার সঙ্গে আর কোন অফিসারকে যেন জডান না হয়?

The Hon'ble S. M. Faziur Rahman:

এরকম কোন নিদেশি ছিল না।

Shri Jatin Chakravorty:

জনাব মহিউদ্দীনের সংগ্রে আর দ্বজন অফিসারের এক সংগ্রে এনকোয়ারী করা হয়েছে কিনা? অর্থাৎ জনাব মহিউদ্দীন ছাড়া আর দ্বজন অফিসারের এনকোয়ারী ঐ এক সংগ্রে করা হয়েছে কি না?

The Hon'bie S. M. Fazlur Rahman:

আমি পূর্বেই বলেছি যে এনকোয়ারী করা হয়েছে সে এক সঞ্চেই করা হয়েছে এবং সে এনকোয়ারী অথপ্ড, সেই এনকোয়ারীর এক অংশ সেটা কন্ফিডেন্সিয়াল হিসাবে ট্রিট্ করা হয়েছে— cannot be disclosed.

Shri Jatin Chakravorty:

ঐ রিপোর্টের মধে। বহু অফিসারের নাম করা হয়েছে, তার মধে। থেকে কেবল মাত্র দুক্রন অফিসারকে বেছে নিয়ে এক সংগ্য জনাব মহিউন্দীনের যে এনকোয়ারি হল তার সংগ্য জুড়ে দিয়ে একটা এনকোয়ারী হয়েছে, এখানে এখন বাকি অফিসার যারা ইম্প্রিকেটেড তাদের এনকোয়ারী করা হচ্ছে না। আমার প্রশন হচ্ছে যে, আর গৃংত এবং আইভান স্বিটাকে মহিউন্দীনের সংগ্য জুড়ে এক সংগ্য এনকোয়ারী করা হয়েছে -যদিও পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ রায় বলেছিলেন যে, এক্সকুসিভলি মহিউন্দীনের সম্পর্কে এনকোয়ারী হোক সে বাকি দুক্রের কি লোক

The Hon'ble Prafulla Chandra Son:

বাকি দ্জন সম্পর্কে আমর। ইনভেম্টিগেশন করেছিলাম। তাদের কোন অপরাধ নেই বলে আমরা কিছু করতে পারি নি।

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্দ্রী মহাশার স্বীকার করলেন, আমি যে দু জন অফিসারের নাম করলাম তাঁদের সম্বন্ধে এনকোয়ারি হয়েছে। স্বভাবতই এনকোয়ারির নিয়ম হচ্ছে তাঁদের যে স্মৃণিরিয়র উপমোচ্ট অফিসার, তাঁদের মারফত হয়। আমার কোয়েশ্চেন হচ্ছে রঞ্জিত গ্রুতর ব্যাপার ডিস্ট্রিক্ট জঞ্জ মারফত এনকোয়ারি হয়েছে কিনা, এবং আইভান স্মৃরিটার ব্যাপারে হোম সেক্রেটারি মারফত সে এনকোয়ারী হয়েছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

একজন ডিস্টিক্ট জজকে দিয়া এনকোয়ারি করান হয়েছিল, যিনি চীফ মিনিস্টারের একজন স্পশাল অফিসার।

Shri Sasanka Sekhar Sanyal:

ফজল্র রহমান সাহেব বললেন যে কন্ফিডেন্সিয়াল, তার পর জানতে পারা গেল যে হাই কোর্ট এ আছে; হাই কোর্ট যে রিপোর্ট দেখাতে চান সেটা কোন্ আইন অনুসারে কনফিডেন্সিয়াল করবেন?

The Hon'ble S. M. Fazlur Rahaman: He could see what a judge is entitled to look at.

Shri Sasanka Sekhar Sanyal:

আমি জানতে চাই জজ আন্ডার দি ল যেট্রকুন দেখতে পারেন সেট্রকুন হাউসের কাছে শ্লেস করতে কি আপত্তি আছে?

The Hon'ble S. M. Faziur Rahman:

ফাইনাল একটা কিছ্ন না হওয়া পর্যন্ত কোন্টা রেলেভেন্ট কোন্টা ইররেলেভেন্ট সেটা বলা শন্ত।

Shri Sasanka Sekhar Sanyal:

আমার উত্তরটা সারকামভেন্ট করা হল।

. The Hon'ble S. M. Faziur Rahman:

আপনার প্রশ্নটা---

is a hypothetical question.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা এ সম্বন্ধে লিগাল অ্যাডভাইস, নিয়েছিলাম, আমরা এরকমভাবে অ্যাডভাইস পেয়েছি যে বাকি দক্তন সম্বন্ধে তদন্ত করা হোক।

[3-10-3-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

মহিউন্দীন সম্বন্ধে কনফিডেন্সিয়াল বলে ট্রিট করা হচ্ছে এবং মহিউন্দীন হাই কোর্টে গিয়েছে আর বাকি ২ জন যান নি। কিন্তু আমি জানতে চাই যে, আপনাদের আডভোকেট-জেনারেল বা কোন কন্পিটেন্ট লইয়ার আপনাদের কি এই আডভাইস দিয়েছেন যে রিপোর্টেব এন্টায়ার বা পার্ট অফ ইট যদি হাই কোর্ট জানতে চায় তাহলে তাদের জানতে দেবেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের লিগ্যাল আডভাইসার উপদেশ দিয়েছেন যে এখন তদন্ত করা ঠিক হবে না।

Shri Sasanka Sekhar Sanyal:

তদন্ত করার কথা বলছি না। ২২৬-এ যখন হাই কোর্ট হয়েছে তখন ম্যাটারটা হাই কোর্টের কাছে গেছে এবং উনিও বলেছেন হাই কোর্টে ম্যাটারটা গেছে। আমার হোল কোয়েশ্চেনটা হচ্ছে যে ম্যাটারটা হাই কোর্টে দিতে বাধ্য সেটা হাউসে দিতেও বাধ্য তা না হলে পরেন্ট অফ অর্ডার, প্রিভিলেন্ড ইত্যাদি উঠবে। যাহোক্, আমি জানতে চাই তারা কি এই আ্যাডভাইস দিয়েছেন যে, হাই কোর্ট চাইলেও জানতে দেবেন না?

The Hon'ble S. M. Faziur Rahman:

হাই কোর্ট তলব করবেন বা তলব করবেন না তা আমরা জানি না।

Shri Sasanka Sekhar Sanyal:

আমার প্রশ্ন হচ্ছে লিগ্যাল অ্যাডভাইসরের তরফ থেকে এটা হয়েছে কি যে হাই কোর্ট জানতে চাইলেও আপনারা দেবেন না?

The Hon'ble S. M. Faziur Rahman:

এটা বিষয়বস্তু নয়। বিষয়বস্তু যথন হাই কোটে পেন্ডিং রয়েছে তখন তংসংক্লান্ত ব্যাপারে বর্তমানে অন্য অফিসার কনসার্নড এর বির্দেখ স্টেপ নেওয়া যেতে পারে না—unless and until the final decision of the High Court is arrived at.

Shri Sasanka Sekhar Sanyal: On a point of privilege, Sir.

এখানে আন্ডার দি কর্নাস্টিটিশন একটা কন্টোভার্সিয়াল কোয়েশ্চেন উঠেছে যে, এতবড় একটা পার্বালক ইমপর্টান্ট ম্যাটার যেটা হাই কোটে আছে সে সন্বন্ধে হাউস যদি কিছ্ম জানতে চায় তাহলে সেটা কর্নাফডেন্সিয়াল বলে ট্রিট করতে পারা যায় কিনা? এ সন্বন্ধে আডভোকেট-জেনারেল শ্নবেন ঠিকই, কিন্তু আমাদেরও রাইট আছে এবং আপনারা ইচ্ছে করলে তা জানাতে পারেন। এই প্রিভিলিজের কথাই আমি জানাচ্ছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

শশাঙকবাব যখন একজন বিখাত বাবহারজীবী এবং পার্লামেন্টারিয়ান তখন তিনি নিশ্চয়ই জানেন যে, যে কেস্গালি বিচারাধীন থাকে সে সম্বন্ধে আমরা হাউসে আলোচনা করি না।

Shri Nirmal Chandra Bhattacharyya:

মন্তিমহাশয় কি দয়া করে এটা আমায় ব্রিঝয়ে দেবেন যে, তিনি নিজে যেখানে একবার বললেন মহিউদ্দীন বাদে যে ২ জনের নাম করা হয়েছে তাদের সম্বন্ধে তদন্ত করে দেখা হয়েছে যে কোন অপরাধ নেই, অথচ সেখানেই আবার বললেন আইন উপদেখ্টা বলেছেন যে এখন তদ্দ্ত করা উচিত নয়—তাহলে কোনটা ঠিক?

The Hon'ble Prafulla Chandra Sen:

চারজনের সম্বন্ধে আরও অভিযোগ ছিল এবং তাদের মধ্যে শ্রীমহিউদ্দীন সাহেব হাই কোর্টে মামলা করবার পূর্বে ২ জনের সম্বন্ধে আমরা তদন্ত করে ফেলেছি, এবং সেই ২ জন হচ্ছে যতীনবাব, যাদের কথা বললেন সেই মিঃ আইভান স্নিরটা এবং মিঃ আর গৃন্ত। বাকি ২ জনের সম্বন্ধে অন্সন্ধান করতে করতে আমরা শ্নলাম হাই কোর্টে কেস্ হয়েছে তাই অন্সন্ধান কার্য ক্ষে আছে।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order.

মুখামন্ত্রী মহাশয় বললেন যদি হাই কোর্টে বিচারাধীন থাকে তাহলে সেই মাটোর আলোচনা দরবার অধিকার আমাদের নেই। আমি সেই আলোচনার প্রশন তুর্লিন যে কনফিডেন্সিয়াল রপোর্টের আলোচনা হয়ত হবে না এবং সেটা পাবলিস করে যদি হাউসের কাছে দেন তাহলে সেটা এন্টায়ারলি ডিফারেন্ট ম্যাটার। কিন্তু আমার প্রশন হচ্ছে যে জিনিস হাই কোর্টে বা অন্য কার্টে আনতে বাধ্য সেটা এই হাউসে আনবেন না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা ওপিনিয়নের বিষয়।

Setting up of Co-operative Farming Advisory Board in West Bengal

- *9. Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister in charge of the Co-operation Department be pleased to state—
 - (a) whether the Government of West Bengal intend to set up a Cooperative Farming Advisory Board in West Bengal, as has been done in some other States of India, for implementing the programme of co-operative farming as envisaged in paragraph 23, page 210, of the "Third Five-Year Plan";
 - (b) if not, why not?

99

The Hon'ble Chittaranjan Roy: (a) Yes. (b) Does not arise.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state whether the Board has been set up and whether it has been functioning now?

The Hon'ble Chittaranjan Roy: The Board has been set up and it is expected that their report will be published in course of a month or two.

Free supply of materials to the Plantation Labourers

- *10. Shri Subodh Sen: Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—
 - (a) whether the State Government has ever notified under rule 72 of the West Bengal Plantation Labour Rules providing for the supply to every worker free of cost such materials as umbrellas, blankets, rain-coats or other like amenities for the protection of workers from rain or cold; and
 - (b) if not, the reason therefor?

The Hon'ble Jagamath Kolay: (a) No. (b) The question of notifying materials as per provision under rule 72 of the West Bengal Plantation Labour Rules was examined and it was decided that the matter should be considered after the Central Wage Board for Tea Industry had given its award.

Shri Subodh Sen:

টি ওয়েজ বোর্ড-এর রেফারেন্স-এর মধ্যে কি এই ইস্ফুটা আছে বে ওখানে নোটিফিকেশন দেওরা বান্ধ কি না—এই মেটিরিয়ালস সাংলাই করবার জন্য?

The Hon'ble Jagannath Kolay:

টি ওয়েজ বোর্ড-এর তারা রেকমেন্ড করবে তারপর আমরা বিচার করবো এটা করা উচিত হবে কি না কেন না অনেক ফিনানসিয়াল ইমন্লিকেশন হতে পারে, তারপর বিচার করতে হবে।

Shri Subodh Sen:

টি ওয়েজ বোর্ড-এর সামনে কি এই ইস্টা রেফারেন্স-এর জন্য দেওরা আছে?

The Hon'ble Jagannath Kolay:

ন দেওয়াহয় নি।

Shri Subodh Sen:

তাহলে কিভাবে প্রশ্নটা উঠল?

The Hon'ble Jagannath Kolay: (No reply).

Setting up warehouses for stocking tobasco

- **11. Shri Abduffah Rasuf: (a) Is the Hon'ble Minister in charge of the Agriculture Department aware that the tobacco, particularly the Jati variety, grown in some northern areas of West Bengal and in Cooch Behar district in particular, was sold in the season just over, at an unremunerative price and in some cases entailing loss?
 - (b) If so, will he be pleased to state--
 - (i) whether the State Government, in consultation with the Union Government, has considered the question of setting up warehouses for stocking tobacco in order to fetch remunerative price for such cash crop and preventing monopoly purchase by Aratdars; and
 - (ii) if so, with what result?
- (c) If the answer to (b) is in the negative, will the Hon'ble Minister consider the desirability of recommending to the Union Government the necessity of opening warehouses for the purpose?

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) Yes. In some cases the selling price of tobacco was not found to be too remunerative this year compared with the year 1960, but it did not entail loss.

- (b) (i) Government of India have been moved for taking necessary steps so that tobacco may be stored in the warehouses of the State and Central Warehousing Corporation in the locality.
- (ii) Views of the Government of India have not yet been received by this Government.
 - (c) Does not arise.

The benefit of pension or gratuity to teachers of non-Covernment Secondary Schools in West Bengal

- •12. Shri Bijay Behary Basu: (a) Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state if the Goernment of West Bengal have any scheme to extend the benefit of pension or gratuity to teachers of Non-Government Secondary Schools in West Bengal?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) what that scheme is; and
 - (ii) the date from which it will be implemented?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) No. (b) (i) and (ii) Does not arise.

Publication and distribution of "Rabindra Rachanabali"

- *13. Shri Amar Prasad Chakrabarty: Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—
 - (a) whether he is aware of irregular publication and distribution of Rabindra Rachanabali;
 - (b) if so, the reasons for such irregularity;
 - (c) if it is a fact that the Muffasil depositors who deposited advance money are experiencing enormous difficulties in getting necessary information arising out of non-receipt and delayed receipt of serially published volumes;

- (d) what is the total number of depositors;
- (e) how many foreign individuals and foreign countries desired to purchase Rabindra Rachanabali; and
- (f) what is the estimated amount of expenditure?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) and (b) It is not understood what is meant by irregularity in the publication and distribution of Rabindra Rachanavali. The Rachanavali has been divided into 13 volumes and separate volumes are being printed in two different presses. If the volumes are not being printed serially it is because of convenience in printing the Rachanavali subjectwise. But whatever may be the serial number, each volume is complete in itself so far as the subject-matter is concerned and is being distributed as delivery is obtained from the press.

- (c) Informations regarding non-receipt or delayed receipt can easily be available in the distribution—centres. Arrangement—is being made for announcing in the press the different dates for distribution in the mofussil centres.
 - (d) The total number of registered subscribers is 45,666.
 - (e) The number of such subscribers outside India is 7 only.
- (f) The estimated expenditure publishing Rabindra Rachanavali is Rs. 46,66,000 and after setting off the price to be collected from the public the net liability of the Government will be Rs. 9,16,000.

Shri Amar Prasad Chakrabarty: Will the Hon'ble Minister state when can we hope that the publication of the 13 volumes of Rabindra Rachanavali will be completed?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is very difficult to say now because after all that will depend on the delivery from the press.

Shri Amar Prasad Chakrabarty: Whether it is a fact that it has been decided that the volumes will be published within the Rabindra Centenary year?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: In fact, it is impossible to say so now.

Shri Amar Prasad Chakrabarty: Will the Hon'ble Minister say approximately how long it will take to publish all the volumes?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I cannot say at this stage. Shri Jatin Chakravorty:

রবীন্দ্র রচনাবলী প্রকাশ করবার দায়িত্ব কি সেই স্বনামখ্যাত ডি এম সেনের উপর অর্পণ করেছেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

ডিরেক্টরের উপর আছে, কোন ব্যক্তি বিশেষের উপর নেই, আর তারপর হিটিং বিলো দি বেল্ট এটা কোন রকম কাউন্সিল প্রোসিডিওর-এর মধ্যে পড়ে না।

Shri Snehangshu Kanta Acharyya: The publication and the printing were given to two presses: One is the Saraswati Press, but what is the name of the other press?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Shree Gauranga Press.

[3-20-3-30 p.m.]

Shri Amar Prasad Chakravarty: Will the Hon'ble Minister kindly tell us where is the office of the Rabindra Rachanabali?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Of course, it is controlled from the Directorate.

Shri Amar Prasad Chakravarty: Is it a fact that the office is in D. M. Sen's house?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: No.

Construction of bridges on Shilabati river at Chatal and Chatal-Panskura Road

- *14. Shri Annada Prasad Choudhuri: Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—
 - (a) the date when the work orders for construction of-
 - (i) the bridge on Shilabati river at Ghatal, and
 - (ii) the Khukurdah Bridge on Ghatal-Panskura Road, were issued;
 - (b) what will be the estimated spans of the two bridges and when the work in both was started;
 - (c) what the names of the firms and addresses of the contractors are;
 - (d) whether the Shilabati Bridge at Ghatal has been completed;
 - (e) if not, how long will it take to be opened for public use;
 - (f) what the position of the Khukurdah Bridge is at present and when can it be thrown open for through traffic between Panskura and Ghatal;
 - (g) what may be the reasons for delay in both the cases separately;
 - (h) what action, if any, has been or is proposed to be taken to speed up the work in the interest of the public?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

- (a) (i) On 27th August, 1956. (ii) On 18th November, 1958.
- (b) Shilabati-302 ft. span, and work started from September, 1956.

Khukurdah—190 ft. 6 in span, and work started from December, 1958.

- (c) Shilabati—Messrs, N. K. Roy Choudhury and Sons, 2 Behari Doctor Road, Calcutta-25.
- Khukurdah—Messrs, S. P. Nandy and Sons, 84 Ashutosh Mukherjee Road, Calcutta-25, and Messrs. Engee Corporation, Bazar Road, Behala, Calcutta-34.
- (d) and (e) Shilabati bridge proper was completed by October, 1960 and essential traffic was allowed to ply over the bridge from March, 1961. After completion of the approach road in all respects the bridge has been made open for public use in February, 1962.
- (f), (g) and (h) The bridge work at Khukurdah over the Durbachiti was originally entrusted to Messrs. S. P. Nandy and Sons in November, 1958. The party completed the works of sinking wells but thereafter they failed to make any progress and practically abandoned the work in 1961. After forfeiture of security to the extent of over Rs. 22,000 fresh agency was selected in November, 1961 and the remaining works were awarded to Messrs. Engee Corporation. Progress of the new agency has not been so far very satisfactory.

The Contractors have been informed that if they cannot show very satisfactory progress in the next two months, necessary action will be taken against them.

Shri Annada Prosad Chaudhuri:

্মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এস পি নন্দী অ্যান্ড কোং কাজ করতে পারেন নি বলে বাদের ডিপজিট ফরফিট করা হয়েছে তাদের সঙ্গে এই ন্তন কন্ট্রাক্টটারের কোন সন্পর্ক আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না জানি না।

Shri Annada Prosad Chaudhuri:

আমার সংবাদ হচ্ছে এ রা তার বেনামদার। এ সম্পর্কে মাননীয় মন্দ্রিমহাশয় বাদ অনুগ্রহ করে থোঁজ করে দেখেন তাহলে জানতে পারবেন সঠিক ব্যাপার ক।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি নিশ্চয়ই দেখব।

Shri Annada Presad Chauthuri:

আমি ৪।৫ দিন আগে সেখানে গিয়ে দেখে এসেছি বে এখন যারা কাজ করছে তাদের ২।৩ জন লোক মান্ত সেখানে কাজ করছে। ১৯৫৬ সাল থেকে ১৯৩ ফ্টের স্পান রীজ এখন পর্যন্ত শেষ হল না। আপনি অনুগ্রহ করে খোঁজ করে কি বলবেন সেখানে কি রেটে কাজ চলছে?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

আমি জানি কাজ স্যাটিসফ্যাক্টরি হচ্ছে না। এজন্য আমরা আল্টিমেটাম দিয়েছি যে ২ মাসের মধ্যে প্রগ্রেস স্যাটিসফার্ক্টরি না দেখাতে পারলে ওদের কন্ট্রাক্ট টার্মিনেটেড হবে।

Shri Annada Prosad Chaudhuri:

আমি নিজের দিক দিয়ে বলছি, আমি ভারতবর্ষের লোক, পশ্চিমবশ্গের লোক, নিরপেক্ষ রাম্মের নাগরিক। কিন্তু তব্-ও আমার আত্মীয় আছে, আমার আত্মীয় ব্রঞ্জেন মৈর, তিনি আগে এই হাউসএর মেন্বার ছিলেন, আজকে তিনি কারার খে কেন? তাঁর বাড়িতে হাই কমিশনারস অফিল, লোকে পাকিস্তান থেকে আসবার জন্য পাসপোর্ট, ভিসা, মাইগ্রেশন সাটি ফিকেট পাবার জন্য তাঁর বাড়িতে গিয়ে বসে থাকে; সে আজকে কারাগারের অন্তরালে সেইজন্য। হারাণ চক্রবতী মহাশয়ের ছেলে গোবিন্দ চক্রবতী, তারপর যারা সেখানে বসে বসে, ডিড রাইটার, দরখাস্ত লেখে এখানে আসার জন্য, তাদের সবাইকে সেখানে আটকে রেখেছে এবং কয়েকটা লোক যারা গিয়ে গ্রামের মধ্যে রক্ষা করবার চেষ্টা করেছিল তারা নিহত হয়েছিল। বলান তো. সভাপতি মহাশয়, আপনি আমার শিক্ষক, আমি ছাত্র, আমার আত্মীয়রা বদি সেখানে বিপন্ন হয়, কিসের ভারসামোর দিকে তাকাচ্ছি। অর্থনৈতিক ভারসাম্য বিচলিত হবে, সমাজ ব্যবস্থার ভারসাম্য বিচলিত হবে তারা এলে পরে, আর আমার আত্মীয়রা যদি পর পর সেখানে আহও, নিহত, নির্যাতীত হয় তা হলে মনের যে ভারসাম্য আমার নন্ট হয়ে যাচ্ছে সেই ভারসাম্য রক্ষা করার দায়িত্ব কি আমাদের সরকারের নেই? আমার বন্ধ, প্রফাল্ল সেন মহাশয়, মুখ্যমন্ত্রী, গত শনিবারে আমাদের আর একটা হাউসএ সাম্প্রদায়িকতার দিকে সতর্ক থাকবার জন্য বলেছেন। সাম্প্রদায়িকতাটা অনেক দিক থেকে যাচাই করা যায়। শুধু পরিস্থিতির দিকে মুখ ফিরিয়ে থাকলেই অসাম্প্রদায়িক হওয়া যায় না। সাম্প্রদায়িকতা কেন হচ্ছে সেটা দেখা দরকার। সেটাকে দুরে করবার চেষ্টা করা দরকার, সেটার দিকে চোথ বন্ধ করে থাকলেই সাম্প্রদায়িকতা যাবে না। এখানে যাঁরা মুসলমান আছেন, তাঁদের আত্মীয় ওপারে, এখানে যাঁরা হিন্দু আছেন আমার মত, তাদের আত্মীয়কে মারছে। এতে মনের যে ভারসাম্য নন্ট হচ্ছে, এটা কি সাম্প্রদায়িকতা নয়? না এই অবস্থাকে গ্রহণ করে যাতে এই তিক্ত অবস্থাটা বৃদ্ধি না পায় সেই চেচ্টা করাটা সান্প্রদায়িকতা দূরে করবার জন্য প্রথম প্রয়োজন। আমার বন্ধ, প্রফল্লে সেন মহাশয় নেই, তাঁকে আমি জিজ্ঞাসা করি যে, সাম্প্রদায়িকতার কাছে নতি স্বীকার করাটা কি আরও খারাপ সাম্প্র-দায়িকতা নয়। পূর্ববঞ্জে মার খাচ্ছে কারা? মুসলমান হিন্দুকে মারছে, হিন্দু মুসলমানকে মারছে না। সেখানে মুসলমান রাণ্ট্র এই জিনিসকে সাহায্য করছে, হিন্দুকে সাহায্য করছে না। কাজেই সেখানে তারা ধর্মভিত্তিক রাষ্ট্রকৈ কায়েম করবার জন্য এক ধর্মের লোককে নন্ট করবার চেষ্টা করছে। আপনার কি কর্তব্য নয়, তার বিরুদ্ধে দাঁড়ানো? সেই সাম্প্রদায়িকতা যে রাষ্ট্রকে দাঁড করাচ্ছে সেই রাষ্ট্রের সঙ্গে মৈন্ত্রী স্থাপন করবার জন্য খোসামোদ করা এটা কি বৃহত্তর সাম্প্রদায়িকতা নয়? আজকে মাইনরিটিজ কমিশন কত বড় সাম্প্রদায়িকতার জিনিস। পূর্ববংগে মাইনরিটিজ কমিশন নেই। আমাদের মন্ত্রী এবং নিচের কর্মচারী পর্যায়ে নানা বৈঠক হচ্ছে, কিন্তু এই আয়াবী শাসনে সেখানে যে মাইনরিটিজ কমিশন নেই, আপনাদের পক্ষ থেকে একবারও দাবি করা হয় নি যে, সেখানে মাইনরিটিজ কমিশন হোক। এখানে আমরা মাইনরিটিকে রক্ষা করবার জন্য মাইনরিটিজ কমিশন করেছি, সেখানে আমাদের যাঁরা আত্মীয়, তাদের রক্ষা করবার জনা মাইনারিটিজ কমিশন করতে পারেন নি। এটা সাম্প্রদায়িকতার কাছে মাথা নিচু করা নয়? তারপর আসনে, সাম্প্রদায়িকতার কাছে কিভাবে নতি স্বীকার করা হচ্ছে. হিন্দ্ যারা আসছে তাদেরকে তাড়িয়ে দেওয়া হচ্ছে. মুসলমান যারা আসছে, গোপনে এবং চোরা পথে, তাদেরকে থাকবার ব্যবস্থা করা হচ্ছে, এটা সাম্প্রদায়িকতা নয়? একটি সম্প্রদায়কে তোষণ করা এটা কি সাম্প্রদায়িকতা নয়? তারপর, আসনুন, এই যে সাম্প্রদায়িকতা কথাটা তাঁরা যে তুলেছেন, অত্যুক্ত দুঃথের সঞ্জে বলতে হবে যে, আজকে গভর্নমেন্টএর সমস্ত পলিসিটাই সাম্প্রদায়িকতার দোষে দুর্ভট। আজকে হিন্দুদের জনসংখ্যা বেশি হচ্ছে না. মুসলমানদের বেশি হচ্ছে কেন? এটা কি ঠিক কথা যে, জনসংখ্যা নিয়ন্ত্রণ করতে হবে, কিন্তু সেটা কি শুখু हिन्मु (एन क्रांत क्रांत भूजनभानत्मत क्रित कि जिले अध्याका हत्व ना? आक्रांक भूगि माराम क्रिनात অবन्धा कि? स्मिथात ১৯৪৭-৫২ সাল পর্যন্ত লোকসংখ্যা ছিল শতকরা ৪৯ জন মুসলমান, ৫১ জন হিন্দ্। আজকে হিন্দ্ কোড বিলএর ফলে হিন্দ্দের প্রজননের স্বযোগ বন্ধ করে দেওয়া হয়েছে, কিন্তু ম্সলমানদের সেখানে অবাধ প্রজননের স্যোগ দিয়ে দেওয়া হয়েছে। ফলে আজ মুশিদাবাদ জেলায় শতকরা ৬৩ জন মুসলমান আর ৩৭ জন দাঁড়িয়েছে হিন্দু। এর পরিণতি কোথায় গিয়ে দাঁড়াবে সেটা ভাবতে গেলে সেটা কি সাম্প্রদায়িকতা হবে, না, নর দেবলে বসে থাকলে সেটা সাম্প্রদায়িকতা হবে? একটা আইন এখন করা হয়েছে যে. তুলুরা একটির বেশি বিয়ে করতে পারবে না অর্থাৎ হিন্দু নারীকে স্বামীশযাার কণ্টক থেকে বাচিয়েছেন। কিন্তু আজ যদি মুসলমান মেয়েরা বলে আমরা মুসলমান মেয়েরাও তো ভারতের নাগরিক—আমাদেরও ওই সংযোগ দেওয়া হোক যাতে আমাদের স্বামীরা আমাদের ছাড়া অন্য নাবীকে নিয়ে বিছানায় শতেে না পারে। সেটা সাম্প্রদায়িকতা, না, বাস্তব দিক থেকে সেটা নিবাকরণের জন্য যেটা কাজ সেটা সাম্প্রদায়িকতা? আমার বন্তব্য হচ্ছে এই যে, আপনারা খুলে দিন দরজা—যদিও জওহরলালজী বলেছেন.

"we shall sink"

আমি তার উত্তরে বলব আমাদের যাঁরা আত্মীয় তাঁদেরকে এনে আমাদের যদি ডবতে হয় ডবব. ভাসতে হয় ভাসব

we shall sink or swim together.

এই নিয়ে আজ আমরা জগতের কাছে হেয় হচ্ছি। বাংলার হিন্দ্রা পাকিস্তানে মার খাচ্ছে. তার কোন প্রতিকার নেই—এই হচ্ছে জগতের সামনে বাংলাদেশের পরিচয়। সারে, আপনি বল্বন, আমরা কি জোর করে বলতে পারি যে, পাকিস্তানে যারা হিন্দ্ব আছেন তাঁরা আমাদের কেউ নয়। ওদিকে যখন পাকিস্তানের পররাষ্ট্রমন্দ্রী মহম্মদ আলি চীংকার করে বলছেন – The Muslims in India are the blood of our blood and the flesh of our flesh. কই সেখানে তো কেউ প্রতিবাদ করে বলেন নি যে, মহম্মদ আলির ওকথা থলার কোন রাইট

নেই? আমাদেরও আজ বলতে হবে.

The Hindus in East Bengal are the blood of our blood and the flesh of our flesh.

এটা যদি সাম্প্রদায়িকতা হয় এই সাম্প্রদায়িকতা বুকে করে মরে যাওয়াও ভাল ওই ক্লীব অসাম্প্রদায়িকতা নিয়ে বে°চে থেকে কোন লাভ নেই। দেখুন স্যার, কি অবস্থা। ওপারে পশ্মার পাড়ে মুসলমানেরা হিন্দু নিধন যজ্ঞ করছে, এপারে ৮০ লক্ষ মুসলমান চণ্ডল, ভীত তার ভিত্তিতে পাকিস্তানে গোলমাল হয়ে গেল। সেথানে বংগীয় সরকারের পর্লিস সেথানকার মাইনরিটিদের রক্ষা করবার জনা একটি লোকও যায় নি। কিন্তু যথন মুসলমান অধ্যুবিত এলাকায় পাশে পাশে দরিদু, নিঃসহায় দ্'-চারজন রিফিউজি বাস করছে সেথানে তারা ম্সলমান-দের মারতে পারে বলে সেখানে রিফিউজি পাড়ায় পাহারা নিযুক্ত করা হল। এত বড় অপমান কল্পনা করাও যায় না। মুর্শিদাবাদে কোন দুর্ঘটনা ঘটে নি। আমার একজন বন্ধ, ঠিকই বলেছেন এটা সরকারের গৌরবের নয় তার জন্য গৌরবের অধিকারী রাজনৈতিক কমীদের শুভ চেতনা। আমার কংগ্রেসী বন্ধুরা, বামপুন্থী বন্ধুরা এবং আমাদের মতন যাঁরা স্বাধীন চিন্তা করেন তাঁদের সকলেই এই বিষয়ে স্থির ছিলেন যে, যতই আমরা উর্ত্তোজত হই এখানে কোন মুসলমানের গায়ে যেন হাত না পড়ে। আমাদের ভারত-সরকার এখানকার মুসলমানদের স্বার্থে মাইনরিটি কমিশন রেখেছেন। কিন্তু এখানে যেসব এলাকায় ১০ পারসেন্ট মাত্র হিন্দ তারা কি সেখানে মাইনরিটি নয়—ভোগোলিক হিসাবে এবং আঞ্চলিক হিসাবে? তাদেরকে সেইভাবে দেখা হয় না কেন?

|5-50-6 p.m.]

যুখন আমুরা স্বাধীনতা নিয়েছিলাম তখন আমুরা বলেছিলাম সেখানকার ও এখানকার যাঁরা সংখ্যালঘু তাঁদেরকে ভাইয়ের মত রক্ষা করব আর আশ্বাস পেয়েছিলাম যে, সেথানকার যাঁরা সংখ্যালঘ্ তারা ভাইয়ের মত সেখানে রক্ষণাবেক্ষণ পাবে কিন্তু আজকে সেখানে যখন ভাইয়ের মত রক্ষণাবেক্ষণ পাচ্ছে না তথন আমাদের কর্তব্য কি না যে. আমাদের কৃতকর্মের ফলে ধারা ওখানে শাস্তি পাচ্ছে আমাদের যতই কণ্ট হোক যতই আমাদের ক্লানি হোক, তাদেরকে বৃকে, কোলে স্থান দিতে হবে। আমার বন্ধ, যতীন চক্রবতী মহাশয় বলেছেন যে, তাদেরকে সার্রা ভারতবর্ষে ছিটিয়ে দেওয়া সম্ভব, এটা সম্ভব এবং সঞ্গত। কিন্তু আমি বলব, রাজনৈতিক দ্রদশি তার দিকে তাকিয়ে তাদেরকে নিয়ে এসে এই সীমান্তে বসিয়ে দেওয়া উচিত। তারা সীমান্তে যখন থাকবে তাকিয়ে দেখবে তাদের পূর্ব বাসম্থান, তখন যে ইচ্ছাশন্তি, যে অনমনীর মনোভাব নিয়ে তারা বর্ডারকে রক্ষা করবে, এখন বারা বর্ডারএর অধিবাসী তারা সেইরক্ষ মনোভাব নিয়ে করবে না। এবং এদেরও যদি মনোভাবের উন্নতি করতে হয় তারা ইস্ট বেপাল থেকে যারা শরণাথী তাদেরও ওথানে স্থান দিতে হবে। এর মধ্যে আরও সন্দ্রপ্রসারী সম্ভাবনা আছে। দেখুন যুম্ধের এক একটি আবহাওয়া মাঝে মাঝে ঝলক মারে, তার সংজ আবার একটা শান্তির সম্ভাবনাও দেখা যায়। আজকে যখন চীন থেকে আক্রমণের সম্ভাবনা শৈখা দিয়েছে তখন বিজ্ঞ রাজনীতিবিদ পণ্ডিত জওহরলাল নেহর, বলেন সেখানেও আপোষের সম্ভাবনা আছে। তেমনি আমরা মনে করি যে, কাশ্মীর নিয়ে যুদ্ধের ষেমন সম্ভাবনা আছে তেম্নি আপোষের সম্ভাবনা আছে। যুদ্ধ যদি লাগে তাহলে আমি, আপনি, এই হাউস পশ্চিমবঙ্গা কোথায় উড়ে যাবে তা আমরা জানি না কিল্তু আপোষ যদি হয় এবং আপোষের প্রশ্ন কিভাবে আসতে পারে সেদিকেও তাকিয়ে থাকা দরকার যেমন চীনের সংশ্যে রফা হয়ে আদানপ্রদান হতে পারে পাকিস্তানের স্থেগও আপোষ কাশ্মীরএ আদানপ্রদান হতে পারে তেমনি পশ্চিম বাঙলার স্বার্থে একটা আদানপ্রদান হতে পারে সেই অবস্থা হতে পারে এই প্রশ্ন যথন আসবে আমাদের পূর্ববিষ্গ থেকে আগত শরণাথীর জন্য সেখানটায় স্থানের দরকার হতে পারে সে সময় আপোষ নিষ্পত্তির কথা হবে তখন আমরা ন্যাযাভাবে দাবি করতে পারি যত লোক সেখান থেকে চলে এসেছে তোমাদেরই কুতকর্মের ফলে তারই প্রায়শ্চিত্ত এবং মূল্য স্বরূপ আনুপ্রিক ভূমিজ সম্পত্তি তোমাদের দান করতে হবে।

Shri Narendra Nath Das:

মাননীয় অধাক্ষ মহাশয়, আমার একটা ছোট্ট সংশোধনী প্রস্তাব দিতে চাই, যা মূল প্রস্তাবে সন্ধো কোন বিরোধ নাই। মূল প্রস্তাবে যে কথা নাই, সে কথাটাই আমি এখানে যোগ কলে দিতে চাইছি।

Sir, I beg to move that the following be added at the end of the resolution, namely:—

"as also to urge upon the Union Government to take effective steps or Governmental level for observance of Nehru-Liaquat Ali Pac and the terms of agreement of partition."

স্যার, আমি মনে করি, এ বিষয়টি কোথায়? এই রোগের বীজটা কোথায়? আজ পাকিস্তা ধমীয় রাষ্ট্র ও ইসলামিক রাষ্ট্র। পাকিস্তানের যারা শাসকগ্রেণী, সেই শাসকগ্রেণীর কিছ কিছু রদবদল হচ্ছে। এই রদবদল হলেও পাকিস্তান ধ্মীয় রাষ্ট্র, পাকিস্তান ইসলামিক রা — এই কথাটা কেউ অস্বীকার করে নি। সবাই জোর করে বলছে যে, পাকিস্তান ইসলামি রাষ্ট্র। কাজেই ইসলামিক স্টেট যদি তাকে রাখতে হয় তা হলে রুলিং ক্লাসএর স্বার্থেই *চ* ধরনের ঘটনা বারংবার হচ্ছে এই কিছ্বদিন আগেও রাজসাহী, পাবনায় হয়েছে এই ঘটনা পূনুরাব্যুতি হতে বাধ্য। কারণ যখনই কোন প্রোগ্রেসিভ আন্দোলন ওখানে হতে থাকে, এবারক। এই অত্যাচাবের আগেও পাকিস্তানে একটা ছাত্র আন্দোলন হচ্ছিল। পাকিস্তানের এই গণ তান্ত্রিক আন্দোলনকে আমরা অভিনন্দন জানিয়েছিলাম, কিন্তু এই গণতান্ত্রিক আন্দোলনকৈ ট**্র**টি চেপে দেবার জন্য পাকিস্তানের র**্বলিং ক্রাস এই ধরনের ঘটনার স্**ণিট করেছিলেন। 🔟 পরনের অবাবস্থা সুণ্টি করেছিল এই ধরনেব বর্বর অবস্থা সুণ্টি করেছিল। অতএব, স্যার আমরা যদি পাকিস্তানের মূল কারণ লক্ষ্য করি, আমরা পাকিস্তানের ধর্মীয় রাণ্ট্র থেকে সেকুলা স্টেট কুখনও করতে পারব[্]না। তার ধম**ীয় রাষ্ট্র হলেও কতকগ**ুলি কর্তব্য আছে। ভারতবর্ষের সংগে কতকগত্বলি চুক্তি রয়েছে। ভারতবর্ষের সংগে পাকিস্তানের পার্টিশন হবা সময় একটা টার্মাস অফ এগ্রিমেন্ট রয়েছে। ভারতবর্ষের সঞ্জে তার নেহর্-লিয়াকত আল প্যাক্ট রয়েছে এই চুক্তিগঢ়লি যদি পাকিস্তান ঠিক ঠিক ভাবে প্রতিপালন করে তাহলে সেখানকা মাইনরিটি সম্পূর্ণভাবে, সুষ্ঠাভাবে থাকবে তা না হলে সুষ্ঠাভাবে থাকতে পারবে না। কিম যদি আমরা সেই আশ্বাস, সেই সিকিউরিটি না দিতে পারি তাহলে এই সমসাার সমাধান হ না। একটি সময় ছিল যখন কোন বর্ডার রেস্ট্রিকসন ছিল না এবং বর্ডার রেস্ট্রিক্সন যখ ছিল না তখন সমুহত মানুষ আসে নি. সমুহত মাইনরিটি চলে আসে নি. কারণ আমাদে সশ্ত প্রেরের মাটি মান্য সহসা তাগে করতে পারে না তার অনেক কারণ রয়েছে। তা ইমোসান্যাল কারণ রয়েছে, তার অর্থনৈতিক কারণ রয়েছে সেই কারণে তারা ত্যাগ করতে পারে না। তারা সেখানে থেকে যেতে বাধ্য। যখন রেস্ট্রিকসন ছিল না তখন প্রায় ১ কোটি লো

প্ৰেখান্তৰ ছিল। জা যদি হয় তবে সেখানে আদের প্রোটেকসন কি ভাবে হতে পারে? সেই প্রেটেকসন-এর জন্য আমরা কি ব্যবস্থা করতে পারি কারণ আমরা জানি যে পাকিস্তান একটা প্রব্যান্ট্র সেখানে আভাশ্তরীণ ব্যাপারে আমাদের হস্তক্ষেপ করার কোন অধিকার নেই. কিল্ড ্রেই অধিকার আমাদের রয়েছে যে, ভারতবর্বের সংগ্য টার্মস অব এগ্রিমেন্ট, ভারতবর্ষের কাছে পার্চিসন-এর সময়ে যে টার্মস, যে চুক্তিতে আবন্ধ হয়েছিল যে ওখানকার মাইনোরিচিদের সিকিউরিটি দিতে হবে। এখানকার মাইনোরিটিকে ভারতবর্ণ সেকুলার স্টেট তারা তা দিক্ষেন কিন্ত এখন দেখা যাছে এই চুক্তি একপক্ষ মানছে না। একপক্ষ এই চুক্তি অবজ্ঞা করছে. ভা**ণ্গছে। যাতে সেই চুক্তি** তারা মানে আমাদের ডিপ্লোম্যাটিক-এর অবহেলা করছে, চুক্তি আন্তব্ধ তিক চাপ সুষ্টি করেই আমাদের করতে হবে তাদের সজ্গে পাকিস্তান বাধ্য श्राष्ट्रिक जाता यारा स्मर्ट इंडि भारत। यीन जाता स्मर्ट इंडि ना भारत-आत এको निक आर्रिश বর্ডার রেস্ট্রিকসন তলে দাও যদি ওদের নির্যাতনের ফলে দলে দলে মানুষ চলে আসে তাহলে তার একটা প্রতিক্রিয়া ভারতরাঙ্গ্রে হতে বাধ্য। তা যদি হয় ভারতবর্ষের শাণিতর ওখানকার শান্তি রক্ষা করা দরকার। যেটা বাংলা সরকারের সামনে রয়েছে তাই আমি আমার সংশোধনী প্রস্তাবে যে বক্তব্য রাথতে চাই যে পশ্চিমবংগ সরকার ভারত সরকারের বিরুদ্ধে এই কথা বলুন, এই চাপ দিন যে, তাঁরা ডিপ্লোম্যাটিক চ্যানেলেই হোক বা অন্য কোনভাবেই হোক তারা পাকিস্তানকে বাধ্য কর্ন সেথানকার মাইনোরিটিকে প্রোটেকসন দেবার জনা। কেবল রায়ট-এর প্রশনই নয় যখন ওখানে ধরংসলীলার স্বাহিট হয় তখনই মান্স চলে আসে তা নয়. अमृतिथा नानान कातरा रश रा कातरा भारेरनातिष्ठि किमानन अपन उर्देशिला। লিয়াকং আলি প্যাক্ট অনুযায়ী মাইনোরিটি কমিশন-এর প্রশন উঠেছিল। মাইনোরিটি কমিশন-এর স্থেগ পেটি অ্যাফেয়ারস-এর প্রশ্নও উঠেছিল। সেগালি তখন রিপোর্টেড হত। সে সম্পর্কিত অনুসন্ধান হত কিন্তু আজকাল তা নেই। ওখানে সে সম্বন্ধে কিছুই নেই। পেটি অপ্রেসন-এর জন্য মানুষ নির্যাতীত, অপমানিত ও লাঞ্চিত হয়, হয়ত তাদের মনুষ্য বিসর্জন দিতে হয় যদি এগুলি পার্মানেন্টলি বন্ধ না করতে পারি তাহলে নিত্যদিন বছর বছর যখন সুবিধা হবে যখনই প্রয়োজন হবে মাইনোরিটি লাঞ্চিত হবে, নির্বাতিত হবে। তাই জনা আমার সংশোধনী প্রদ্তাবের বন্তব্য হচ্ছে ভারত সরকারের উপরে একথা বলা হোক তোমরা যে কোন-ভাবে পার ডিপ্লোম্যোটিকভাবেই পার অথবা

by other methods

ষেজ্ঞাবেই পার তোমরা পাকিস্তান সরকারকে ব্বিরে দাও, বেসব চুন্থি আছে তা মানতে হবে, টার্মাস অব এগ্রিমেন্ট মানতে হবে ওখানকার মাইনোরিটিদের নিরাপত্তা দিতে হবে। তার জন্য তাকে বন্দোবস্ত করতে হবে। এই অবস্থায় ভারত সরকার জানে যে, কিভাবে চাপ দিতে হয়। আমরা জানি যে, ১৯৫০ সালে তাঁকে না বলা সত্ত্বে লিয়াকত আলাকৈ ছুটে আসতে হয়েছিল তাকে আন্তর্জাতিক চাপই হোক, আর অন্যরকমভাবেই হোক, সেই ধরনের অবস্থার স্টিট কর্ন ষাতে পাকিস্তানে যারা মাইনরিটি তারা যাতে নিরাপত্তার থাকতে পারে এটাই হচ্ছে আমার মূল বন্ধবা।

[6-6-10 p.m.]

Shri Rabindra Lal Sinha: Sir, I beg to move that in lines 4 to 8 for the words beginning with "this Council" and ending with the words "take shelter in India" the following words be substituted, namely:—

"this Council is of opinion that the West Bengal Government should approach the Union Government to issue migration certificates on a more liberal scale to those members of the minority community in East Pakistan who intend to cross over and take shelter in India".

মাননীয় পরিসদপাল মহাশয়, আমি মনে করি, আমার সংশোধনী পাঠ করার আবশ্যকতা নেই। অমি অভানত বেদনাবিধার হাদয় নিয়ে আজকে এই প্রস্তাবের উপর বলবার জন্য দাঁডিয়েছি। সাম্প্রতিক কালের মধ্যে পূর্ব বাংলায় সংখ্যালঘ্দের উপর যে অভ্যাচার, ৰে বীভংস অনাচার অনুষ্ঠিত হয়েছে, নরহত্যা সম্পত্তি লুক্তন এবং ধরংস, মানুষের সম্মান পদ-দলিত করা, নারীর লাঞ্ছনা পর্যত তাতে অসাম্প্রদায়িক গণতান্ত্রিক ভারতীয় রাম্ম্রের প্রতিটা মানুষ মর্মাহত। কিন্তু তার সঞ্জে আজকে পশ্চিম বাংলার মানুষ আমরা যাদের আত্মার আত্মীয় আছেন পাকিস্তানী সীমান্তের ওপারে, যাদের বান্ধব এবং আত্মীয়জন আছেন সীমান্তের ওপারে তাঁদের প্রতি আমাদের এই মর্মবেদনার ভাষা প্রকাশ করা পর্যন্ত যায় না, সেজন্য আমার এই সংশোধনী প্রস্তাব হচ্ছে, আজকে যাঁরা পাকিস্তানে দূর্বিষহ অবস্থার মধ্যে বাস করতে অক্ষম বলে তাঁরা ভারতীয় রাষ্ট্রে চলে আসতে চান এবং তাঁদের আসার পথে যাতে বিঘা স্কৃতি না হয় সেটাই হচ্ছে আমার সংশোধনী, কিন্তু এই সমস্যা এত বড় এবং এত গ্রেত্র যে আজকে উত্তেজনার মুখে একথা বিবেচনা করলে চলবে না, আজকে একথা বিস্মৃত হলে চলবে না যে, এখনও পূর্ব বাংলায় ৮০ লক্ষ সংখ্যালঘুর বসতি আছে এবং যাদের এক কলমের আঁচড়ে পূর্ব বাংলার হিন্দুদের পশ্চিম বাংলায় আনা যাবে না। বহু হিন্দু পূর্ব বাংলায় বাস করতে থাকবেন যদি এখানে তাঁদের এনে ফেলা যায় তবে তার সঙ্গে সঙ্গে একথা চিন্তা করতে হবে আমাদের শুধু যে ভারসাম্য বিনণ্ট হবে, আমাদের অর্থনৈতিক জীবন বিনণ্ট হবে তা নয়. আপনারা দেখবেন ইতিপূর্বে যাঁরা এসেছেন তাঁরা বহু দুঃখে কন্টে জীবনযাপন করছেন, তার স্থাস্বাচ্ছদেনর ব্যবহ্থা করা উচিত কি তু আমাদের রাজ্যের সে স্পাতির অভাবে আমরা তা করতে পারি নি, সত্তরাং এর সংগ্য যদি ৮০ লক্ষ মান্য সবাই চলে আসেন তহলে কি অবস্থা হবে একথা চিত্তা করতে হবে। সেজন্য আমার প্রস্তাব হচ্ছে এই যে, যাঁরা উৎপীড়নে বা সম্মানহানির জন্য পূর্বে পাকিস্তানে বাস করতে পারবেন না তাঁদের এখানে চলে আসবার সময় যে মাইগ্রেশন সাটিফিকেট দেওয়া হয় সেটা প্রদান করার নাহিত আরও উদার করা হোক। অবশ্য সাম্প্রতিক দুর্ঘটনার পরে মাইগ্রেশন সার্টিফিকেটের নীতিকে অনেকটা উদার করা হয়েছে কিন্তু আমার সংশোধনী হচ্ছে সেটাকে আরও উদারতর করা হোক যাতে করে যারা এরকম বিপার মান্যুষ তাদের আসার পথে কোন রকম বাধার সূচিট না হয়। এই কথাই আমি বলতে চাচিছ। আমার বন্ধ; যে কথা বলেছেন ব্যান আছে, সেই ব্যানের কথা আমি জানি না। জানি অনুমতিসাপেক্ষ আসতে হবে এবং আসার পথ নিরংকুশ কোন বাধা বা বানে সাণ্টি করা নেই এ কথাই আমি জানি তা ছাডা আর একটা কথা আছে আজকে বিপন্ন হয়ে যাঁর। আসবেন, যাঁরা নিরাপত্তার ভয়ে আসবেন, যাঁরা সম্মান বিপর্যস্ত হবার ভয়ে আসবেন তাঁদের আমরা সাদরে আহ্বান করব কিন্তু ৮০ লক্ষ মানুষকে চলে এস, চলে এস বলে যদি আহ্বান করি তা হলে অতানত ভুল হবে বলে আমি মনে করি। আমার বন্ধ, শ্রীযতীন চক্রবর্তী মহাশয় এখানে প্রসংগত তিব্বতী উদ্বাস্ত্র কথা এনেছেন—গোস্পদের সঙ্গে সমুদ্রের তুলনা করা আমার সাধাাতীত। তিব্বতী উদ্বাদ্তু সমস্যা এবং পূর্ব বাংলার উদ্বাদ্তদের এক পর্যায়ে নিয়ে এসে তার তুলনামূলক আলোচনা করা আমার বৃদ্ধিতে আসে না। স্বতরাং সেনিক থেকে আমি বিরত রইলাম। আর একটা কথা, যে কথা আমার পরম শ্রম্মাভাজন বন্ধ, শূমাণক সান্যাল মহাশয় বলেছেন যে, সীমান্তে উদ্বাস্ত প্রনর্বসতি দেবার কথা আমি বলতে চাই।

পশ্চিম বাংলার সীমানত যে ঘনবসতিপূর্ণ সে বিষয় সন্দেহ নেই। আজকে সীমান্তে যাঁরা বাস করছেন তাঁদের জাের করে উচ্ছেদ করে বহু মানুষের দুঃখ স্থিট করার দিকে আমি সমর্থন জানাতে পারি না, তবে তাদের মধ্যে—যেখানে স্থান আছে সেখানে যদি তাদের পুনর্বাসন দেওয়া হয় তবে আমি অত্যুক্ত খুসী হব এই কথা বলে আমি আমার সংশােধনী প্রস্তাব পরিষদের সামনে রাখলাম এবং আশা করব, এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় সারা পশ্চিম বাংলার জনমত, আজকে পরস্পরের প্রতি দােষারোপ করে লাভ নেই। আজকে দােষারোপ করে দলীর স্বার্থ কতথানি সিম্থ হবে একথা চিস্তা করাকে আমি মনে করব অত্যুক্ত গহিত এবং অপরাধ বলে গণ্য হবে। স্ত্রাং আজকে এই প্রস্তাব যােতে সর্বস্মাতিক্রমে এই পরিষদে গৃহীত হয় সেজন্য আমি এই সংশােধনী প্রস্তাব রেখে আপনার মাধ্যমে আবেদন জানাব যেন আমার সংশােধনী স্বর্পস্থাতিক্রমে গ্রহণ করা হয়।

Shri Charu Chandra Sanyal:

মাননীয় সভাপতি মহাশয়, রবীনবাব, যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করি। একটা কথা হচ্ছে, যারা সীমান্তে থাকে তারা ব্রুতে পারে সীমান্তের ওপারের অবস্থা কি। সীমানত থেকে যারা বহুদুরে আছেন তাঁদের অতথানি অনুভব করার সুযোগ হয় না। প্রতাহ সীমান্তের ওপার থেকে যেসব সংবাদ আসে তাতে শিহরণ হয়, স্থির থাকা শক্ত হয়ে পড়ে। আমি সম্প্রতি আমার এক বন্ধার কাছ থেকে যে একটা চিঠি পেয়েছি—শশাৎকবাবা তার অংশমাত বলেছেন--সেটা হচ্ছে রাজসাহী শহরের ৫ মাইলের ভেতরে দরিসা গ্রামে একটা স্কলে ১.৭০০ পার্য স্থা, দেলে, মেয়েকে বন্ধ করে আগ্রনে পর্যাভয়ে মারা হয়েছে। সেই সংবাদ দিয়েছেন একজন প্রতাক্ষদশী। ২ জন তার ভেতরে আহত হয়ে—একজন যিনি হাসপাত।লে ছিলেন তিনি এই খবর পাঠিয়েছেন এই সংবাদ সরবরাহ হয়েছে এমন একটি লোকের কাছ থেকে যিনি ব**ণ্**গ বিভাগের পার্বে এই পরিষদের একজন সভা ছিলেন এবং পাকিস্তানের একজন মন্ত্রী ছিলেন, এবং বহুকালের একজন নিষ্যাতীত দেশক্ষী, তিনি ১৪ বংসর জোর করে পর্ণক্ষতানে ছিলেন -বলৌছলেন, "পাকিস্তান থেকে আমি যাব না"। সম্প্রতি পাকিস্তান থেকে চলে এসে তিনি আমাকে চিঠি লিখেছেন, পাকিস্তানে থাকা সম্ভব নয়। সেই চিঠি যদি পড্ওে চান আমার প্রকটে আছে- আমি প্রধানমন্ত্রীকে দিতে পারি। এই রকম সংবাদ যখন আসে বিশেষত এই সংবাদ এবং পরে আমরা এখানেই চণ্ডল হয়ে উঠেছি, তখন পাকিস্তানের সংখ্যালঘু যারা আছে তারা যে চণ্ডল হয়ে উঠবে সেটা সত্য কথা—এর ভিতর কোন রকম চিন্তার কারণ নেই। বহু-কালের একটি কথা আমার মনে পড়ে গেল। জালিয়ানওয়ালাবাগে গুলী করে বহু লোক**কে** পশ্বর মতন মারা হয়েছিল। তথন দেশবন্ধ, তা দেখতে ণিয়েছিলেন। তিনি অনুসন্ধান করে ফিরে এসে আমাদের সামনে বলেছিলেন - আমি সেই বক্ততায় গ্রোতা ছিলাম—এত টুকু টুকু জুতো সেখানে দেখা গেছে। তার মানে এত টাকু টাকু জাতো যারা পায়ে দেয় তাদেরও মারা হয়েছে। রাজসাহীর দরিস গ্রামেও এত টুকু টুকু জনুতো দেখা গেছে। জালিয়ানওয়ালা বাপারের পর মহাত্মা গান্ধীর নেতৃত্বে সমসত ভারতবর্ষে উত্তাল তরুণ্গ উঠেছিল। আমার মনে হয় আজকে আমানের সেই মের্দেড ভেঙেগ গিয়েছে এবং আমরা স্থির হয়ে সেইরকম ২৩।।কান্ডের কথা শনেছি তার উপর আলোচনা কর**িছ, তার উপর তর্ক করিছ মাত্র।**

[6-10-6-20 p.m.]

যা হোক. সে কথা এখন আর তুলে লাভ নেই কিন্তু এটা বলি, সেদিন পণিডত নেহর্ব বলেছিলেন পাকিন্তান থেকে সংখ্যালঘ্দের নিমন্ত্রণ করবার দরকার নেই, যারা আসতে চায় তাদের জন্য দরজা খোলা রেখে দেওয়া হোক আমাদের সংশোধনী প্রস্তাবও হচ্ছে তাই যাঁশ আসতে চান তাঁদের জন্য দরজা খোলা রেখে দেওয়া হোক আমাদের সংশোধনী প্রস্তাবও হচ্ছে তাই যাঁশ আসতে চান তাঁদের জন্য দরজা খোলা থাকবে। আমার আর একটা বন্ধব্য হচ্ছে যাঁর। আসতে চান, মাইগ্রেশন সাটিফিকেট যাঁরা নিতে চান তাঁদের একটা শর্ত আছে যে, তাঁরা ভারত সরকারের নিকট কোন রকম সাহায্যপ্রার্থী হবেন না। আমার মনে হয় এ বিষয়ের উপর জোর না দেওয়াই ভাল। যাঁরা আসছেন তাঁরা ধনসম্পদ বগলে করে আনতে পারছেন না, টাকা পকেটে করে নিয়ে আসতে পারছেন না বা ঘরবাড়ি বিক্রি করতে পারছেন না—কোনরকমে প্রাণটা নিয়ে নিঃম্ব অবম্থার আসছেন। কাজেই তাঁদের উপর এর্প বিধিনিষেধ আরোপ করা আমান্বিকতা হবে এবং এতে আমাদের নিজেদের লোকদের উপর অত্যাচার করা হবে। সেইজন্য আমি জানাব, "মোর লিবারেল" কর্থাটি যেখানে বলেছে সেখানে যেন এইট্কু থাকে। মাইগ্রেশনের সময় "আমরা ভারত সরকারের কাছে কোনরকম প্রাথী হব না"—এই শতটি যেন না থাকে। একথা বলে আমি রবীন্দ্রবাব্রর সংশোধনী সমর্থন করছি।

Shri Manoranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশর, আমি একটা প্রশ্ন দিরেছিলাম, সেটা উত্থাপনের সময় হয় নি। সেই প্রশ্ন ছিল যে, ৫ই।৬ই জ্বলাই এইরকম তারিখে ৩০ জন পাকিস্তানের মাইর্নারটি কমিউনিটির লোক অর্থাৎ হিন্দু হারা ওয়েস্ট বেপালে পেট্রাপোলে এসেছিল বিনা পাসপোট এবং ভিসা তাদের গ্রেপ্তার করা হয়েছিল, হাতকড়া দেওয়া হয়েছিল এবং তাদের বিচারালয়ে নিয়ে যাওয়া হয়েছিল। পরে কি হয়েছে জানি না, আমি এ সম্বন্ধে প্রশ্ন দিয়েছিলাম যে, সেখনে একজন

ডেপ**ুটি স**ুপারিন্টেন্ডেন্ট অব পুলিসকে রাখা হয়েছে কিনা, এরকম কেআইনীভাবে বেসম_{িত} মাইনরিটি কমিউনিটির লোকজন পাকিস্তান থেকে আস্বেন তাঁদের উপর নজর রাখবার জন এবং আমি আরও জানতে চেয়েছিলাম এ ব্যাপারে আমাদের পশ্চিমবর্ণ্য সরকারের কোন প্রত্যক্ষ দারিস্থ আছে কিনা, কিংবা কেন্দ্রীর সরকারের ইপ্সিতে তারা কাঞ্চ করছেন? আমার কথা হাচ্চ **ষাঁরা ভীতসন্মুক্ত হয়ে আত্মরক্ষার জন্য আসতে চাচ্ছেন কেন তাঁদের হাতকড়া দেও**য়া হয়<mark>ু</mark> জ্বামি আরও লিথেছিলাম অবশ্য তার উত্তর দেওয়া হয় নি যে, তাঁদের কেন কোমরে দড়ি বে^{পু}ধ কোর্টে নিয়ে যাওয়া হয়েছিল? পশ্চিম বাংলায় আসার পর এই রকম অমান্থিক বাবহার পশ্চিম বাংলার হিন্দুরো তাদের জ্ঞাতি, আত্মীয়স্বজনের উপর করতে পারে এটা আমার কল্পনার ৰাইরে বলে আমি মনে করি। যাঁরা আসবেন তাঁদের বাধা দেবার জন্য সেখানে কেন একজন ডেপ্রটি স্পারিন্টেন্ডেন্টকে রাখা হয়েছে এবং এটা সত্য কিনা তার জবাব আমি পাই নি : 📧 **ছাড়া আরও বেসমদত কথা শূনলাম তা আমার অজ্ঞাত ছিল। ডাঃ চার্চন্দু সান্যাল মহাশ**য় **বললেন যে, ১.৭০০ স্কুলের ছাত্রছাত্রীকে প**্রজিয়ে মারা হয়েছে। এটা আমরা জানতাম না। তা **ছাড়া শশা•ক সান্যাল মহাশয়ও যা বললেন সেসব কথা আমাদের অজ্ঞাত ছিল। কিন্তু** এমন পাষাণ হুদয় মানুষ কে আছে যে এর প্রতিকারের জন্য উন্মুখ না হয় ? আমি বেশি গরম কথা বলব না, কিন্তু যাঁরা উন্মুখ না হন তাঁরা কাপ্রুষ। তাঁরা কমিউনাল নয়, কিন্তু তাঁদের মানবতার বিরোধী বলে আমি মনে করি। কমিউনাল কথাটা এসেছে কমিউন থেকে এবং ডিক্র-নারিতে কমিউনাল মানে সাম্প্রদায়িক এটা কোথাও পাওয়া যায় না। কিন্তু পণ্ডিত নেহর একেই কমিউনাল বলছেন—অর্থাৎ যদি কোন হিন্দু অন্য কোন হিন্দুর উপকার করে তা হলে সেটা সাম্প্রদায়িক হবে। আজ যদি কোন হিন্দু অপর কমিউনিটির দ্বারা অত্যাচারিত হয় 🖯 হলেও পণ্ডিত নেহরুর রাজত্বে কিছু বলতে পারবে না, তিনি কমিউনাল নাম দিয়ে একটা **প্রোগ্রেভিস আদর্শ আনবার চেন্টা করছেন, কিন্তু তিনি যেভাবে আজকে হিন্দর্দের স্বার্থের ক্ষ**িত করছেন তার ফলে এমন দিন আসবে যথন সিংক অর স্কুইম নয়, সেদিন ভারতের স্বাধীনতা ভূববে এবং আবার পাকিস্তানের অধীনে তাঁদের যেতে হবে। একথা আমি মৃত্তুকণ্ঠে বলতে পারি এই যে ক্লীব পলিসি অনুসরণ করা হচ্ছে এর তুলনা পূথিবীর কোথাও পাওয়া যায় নাঃ প্রথিবীতে এমন কোন জাতি বা সম্প্রদায় আছে যেখানে মান্য স্বসম্প্রদায়ের মান্যকে ভালবাসে ना? मूजनमान कि मूजनमानरक ভानवारंज ना? रायकथा वनरान आमार्पत मांभाष्कवातः মহম্মদ আলির সম্বন্ধে বললেন, আমি কাগজ নিয়ে এসেছি, দেখি সেটা আমার তিনি কিনা। বলেছেন, যেসব ম্সলমান ভারতবর্ষের আছেন তারা আমাদের রাড অব রাড, তারা আমাদের ফ্রেন্ড। তাদের রক্ষা করার জন্য যথোচিত ব্যবস্থা করার জন্য আমাদের ষা দরকার তা আমরা করব নিশ্চয়ই, কেন এরকম কথা পাকিস্তানেব **হিন্দ্**দের সম্বন্ধে পণ্ডিত নেহর, বা এখানকার পশ্চিমবণ্গের মুখ্যমন্ত্রী তারস্বরে বলতে পারতেন[ু] সদার প্যাটেল সাহেব, তিনি বলৈছিলেন—আমি সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দিতে চাই না কিল্ড আত্মরক্ষার জন্য যা দরকার তা করা হবে। যে মানব সম্প্রদায় নির্যাতীত, নিপাডিত সেখানে ৰ্ষি প্রতিকারের ব্যবস্থা না করা যায় তা হলে মনুষ্যাত্বের অবমাননা করা হয়, তাতে শুখু মনুষ্যাত্বের অবমাননা নয়, আমরা পশুষেরও নিচে নেমেছি একথাই প্রমাণ হয়ে যায়। আর সময় আমার নাই এখানে থামতে হবে। আমি ষতীনবাব, যে বলেছেন সব স্বার খুলে দাও এটা সমর্থন ১রতে পারি না—যাঁরা আসতে চান **শ্ব্যু তাঁদেরই জন্য ম্বার খুলে দেওয়া হোক। যে প্র**স্তাব রবীন্দু-**লাল** সিংহ মহাশর করেছেন যে, আন্তে আন্তে ধীরে ধীরে তাদের আসতে দেওয়া হোক, তাদের **স্থান দেওয়া হোক, তাদের জন্য সম**্চিত ব্যবস্থা করা হোক, ভাইরের মত আলিৎগন করে তাদের গ্রহণ করার যে নীতি সেই নীতি সমগ্র ভারতবর্ষে যে নীতি শ্যামাপ্রসাদবাব্ চাল্ব করতে চেয়ে-ছিলেন সেই নীতি অন্সরণ করে দৃণিউভিঙ্গ বদলানো হোক। আজ ভারতবর্ষ যদি স্টং হয় প্রবল হয়. তা হলে পাতিস্তান মাথা নত করবে। একটা গণ্প আছে ফোঁস করার, সেই ফোঁস করার ক্ষমতাও আমরা পশ্ডিত নেহর্র অ্যাডমিনিস্টেশনএ হারিয়েছি, জ্ঞার করে কোন কং ধলতে পারি না মানবতার খাতিরে, নিপীড়িত স্বজাতিকে রক্ষা করার জন্য কিছু বলতে পারি ন অপচ যেকথা মহম্মদ আলি জোর গলায় বলে যাচ্ছেন, ভারতবর্ষে এমন কোন হিন্দু, নাই সেক? বলে। এইর্প উত্তি নাায়সংগত যুক্তিসংগত, এ কথা বলা যায়।

Shri Dwijendralal Sen Gupta:

সভাপতি মহাশয়, য়তীন চক্রবতী মহাশয়ের মূল প্রস্তাব সমর্থন করতে উঠে বলছি কংগ্রেম শক্ষ থেকে মাননীর সদস্য রবীল্রলাল সিংহ মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন অনুগ্রহ করে সটা তিনি তুলে নিলেই ভাল হয়। যে সদিচ্ছা তিনি প্রকাশ করেছেন তাঁর বন্ধৃতায় স্বীকার করে য় ইস্ট বেশাল মাইনরিটিদের আগ্রয় দেবার দায়িত্ব পশ্চিমবর্গা সরকারের এবং ভারত সরকারের নশ্চয়ই আছে, সেজন্য তাঁকে ধনাবাদ। এটা যথনই তিনি বললেন তথনি রিল্যাকসেশনএর ল্লানেন্ডমেন্ট আর দাঁড়ায় না। রিল্যাকসেশনএর লিমিট কোথায়? তিনি বলেছেন, মাইগ্রেশন লেলস-এর রিল্যাকসেশন হয়েছে, আরও রিল্যাকসেশন চাই, এটা অতাশ্ত ভেগ, মহীতোষবাব্র রুথায় আ্যামবিগ্রয়স, আমি চাই আজকে প্রবলেমটা যদি ব্রম হয়ে থাকে তা হলে বানে বলতে ব্রাচ্ছে সেই বাধ্যানিবেধ যে বাধ্যানিষেধকে অতিক্রম না করে কেউ আসতে পাচ্ছে না অর্থণি বাধানিষেধ ব্লতে সব কিছু তুলে দেওয়া উচিত। তিনি আশত্কা প্রকাশ করেছেন যে, ৮০ লক্ষ্ হিল্বই তা হলে পূর্ব পাকিস্তান থেকে চলে আসবে। নিশ্চয়ই আসবে না। আমি জানি এখানে হিল্ব বা মুসলমানের প্রশন নয়; যারা ইন্সিকিওরড ফিল করছে তারাই আসছে। যারা সেখানে রণদাপ্রসাদ সাহার মত সিকিওরড ফিল করছে তারা কি আসবে?

16-20-6-30 p.m.]

এমান করে কিছা লোক আছে যারা কিছাতেই আসবে না। আজকের প্রস্তাবের উদ্দেশ্য হচ্ছে. এই বাান যদি তলে নেওয়া হয় তাহলে যারা আসতে ইচ্ছুক তারা যেন আসতে পারে। মুখামন্ত্রী এখানে আছেন: তাঁর যতই সদিচ্ছা থাক তাঁর সরকার যতই চেষ্টা কর্ন অভাব আমাদের দরে ্রতে পারেন নি পারবেনও না। এখানে নানা রকম সমস্যা আছে—এখানে স্কলে ভর্তি হওয়ার পমস। আছে মেটার্রনিটি হোমের সমস্যা আছে, প্রসব করতে যেয়ে প্রসূতি ফিরে আসে এই সমস্যা আছে হাসপাতালে রোগী চিকিৎসা পায় না এই সমস্যা আছে। তাহলে কেন পূর্ববংগের ৮০ লক্ষ লোক চলে আসবে? এথানে গ্রামে ইম্ডাস্টি গ্রো করেনি, এথানে কোন র,জিরোজগারের ব্যবস্থা নেই, শহরে যারা এসেছে তাদের আনএম লয়মেন্ট বেড়ে যাচ্ছে, এগালি কি পূর্ব বংশের াহন্দরো জানে না? নিশ্চয়ই জানে। এখানে কেউ আনন্দ করতে আসছে না, উৎসব করতে আসছে না স্থ সূর্বিধার জনা আসছে না. একটা ইন্সিকিওড ফিলিং থেকে মানুস আসছে। সেই ইনসিকিওড ফিলিংকে দূরে করতে হলে আজকে মাই<mark>গ্রেসনের ব্যান তলে দেওয়া দরকার।</mark> শ্রশ্যের বৃণ্ধ**্রচার: বাব**্বলেছেন ইন্ডিয়া গভর্নমেন্টের উপর আমরা ডিপেন্ড্যান্ট হব না, এই জাতীয় একটা সূর্য আছে যা মাইগ্রেসনের জন্য বলতে হয়। আর একটা সূর্য আছে সেটা হচ্ছে ইন্ডিয়ান ডে মিনিয়নের কোন লোককে গ্যারান্টি দিতে হবে যে এ আমার আখ্রীয়, এই ডোমিনিয়নে এলে আমি একে দেখাশোনা করব এর ভার গ্রহণ করবো। যারা এখনও প্রেবাংলায় আছে তাদের অনেকের এখানে আত্মীয় নেই। তারা ওখানে থাকবার শেষ চেণ্টা করছে, আজও আসেনি। তাদের আত্মীয়জন যদি কেউ দায়িত্ব না নেয় তাহলে তারা আসতে পারবে না সেই ব্যান গেছে এবং যতীনবাবরে প্রস্তাবের মধে। 'ব্যান' তুলে দেওয়া বলতে সেই 'ব্যান'কেও বলা সয়েছে। আমি আজকে বলতে চাই যে এটাকে যেন কেউ কোন সময় কমিউন্যাল বলে না বলেন। এটা কমিউন্যাল নয়, এটা একটা পলিটিক্যাল কোরেশ্চেন অফ এ ভেরি গ্রেট ম্যাগনিচিউড। যদি কেউ বলেন যে পাকিস্তানে ম্সলমানরা হিন্দুদের খন করেছে, আমি বলব এটা মিথ্যা কথা। পাকিস্তান সরকার মৃসলমানদের দিয়ে খুন করাচ্ছে এটাই হচ্ছে আসল কথা। আপনারা যদি এই দ্ঘিটভগ্গী নিয়ে দেখেন তাহলে ব্রুবেন কয়েকদিন আগে ফরিদপুরে দাশা হয়েছিল, তারপর নোয়াখালীতে দাশ্যা হয়েছিল, পরে চিটাগঞ্জে দাশ্যা হয়েছিল, এইভাবে ঘ্রে ঘ্রে দাংগা হয়েছিল। সে দাংগা একই সময়ে হয় নি। তার কারণ হচ্ছে একটা মেসিন ওয়ার্ক করছে, সেই মেসিনারী হচ্ছে গভর্নমেন্টাল মেসিনারী। আমার একজন আত্মীয় ঢাকা থেকে এসে বলেছেন যে ফজল,ল হক সাহেব তার জীবিতকালে হিন্দু,দের বন্ধু ছিলেন, মৃত্যুর দিন পর্যন্ত তিনি হিন্দুদের বাঁচিয়ে গেছেন। ফজল্ল হক সাহেব ষেদিন মারা গেলেন সেদিন ৫০ হাজার ম্রালমান হিন্দ্রদের বাড়ীখর লাঠ করবার জন্য ঢাকায় জমারেং হয়েছিল। তারা মিটিং করে প্রসেসান করে যখন হত্যাকান্ড আরুল্ড করবে, ঠিক তার আগে খবর হল ফল্ললা হক সাহেব মারা গেছেন। তথন সেই মুসলমানরা তাঁর বাড়ী গিয়ে তাঁর প্রতি শ্রম্থা নিবেদন করে ফিরে

গৈরেছিল। হিন্দুরা বেচে গেল। আপনারা এটাকে যদি রাজনৈতিক দ্ভিভগী থেকে দেখে তাহলে দেখবেন মালদহে পাকিস্তান হাই কমিশনার অফিসের যে লোক এদেশে বসে সেই দাণ্গা বাধিয়েছিল সে কি মুসলমান হিসাবে করেছিল, না, সে পাকিস্তান সরকারের এজেন্ট হিসাবে করেছিল? সেখানে ছোট হোক, বড় হোক, একটা ঘটনা হয়েছিল, সেটাকে পাকিস্তানে তাদের উদ্দেশ্য সাধনের জন্য বড় করে দেখান হয়েছে এবং বড় করে দেখাবার ফলে সাধারণ আশিক্ষিত্র দ্বঃপথ মুসলমানরাও উত্তেজিত হয়েছিল এবং উত্তেজনার প্রতিক্রিয়া হিসাবে যখন উত্তরবঙ্গের রাজসাহী, পাবনা অঞ্চলে হিন্দু নিধন দেখা দিয়েছে তখন পাকিস্তান সরকার নিরব দর্শক। (At this stage the blue light was lit.)

স্যার, সময়ের এত ফেমিন চলছে কেন? এক মাস ধরে এখানে আমরা বসে রয়েছি, একদিন মাত্র বস্তুতা করার সুযোগ হচ্ছে। কেন ১৫ দিন সভা হয় না? ৯ই জুলাই তারিখে কার্ডীন্সল ডাকা হয়েছে, আজ ৬ই আগস্ট তারিথ। মাত্র ৩ দিন কাউন্সিল হয়েছে। আজই বলতে উঠেছি। 🔈 মিনিট পরে লাইট জন্বলে উঠছে কেন ? একটা জাতীয় সমস্যা আমরা আলোচনা করছি। আপুনি আমাকে অনুগ্রহ করে সময় দিন। আজকে যে সুস্থ আলোচনা হচ্ছে তাতে কংগ্রেস পক্ষের ম খপাত হিসাবে রবীবাব কে গ্রহণ করছি এবং বামপন্থী দলের ম খপাত হিসাবে যতীন **চকুবত**ী মহাশয়কেও গ্রহণ করছি। যা তাঁরা এখানে আজ আ**লো**চনা করলেন, সেই আলোচনার জ্বন্য ২।৩ মাস আগে এতবড় ঘটনা হয়ে গেলেও কলকাতায় কোন মিটিং হয় নি, পশ্চিমবঙ্গে কোন মিটিং হয় নি। কারণ, কেউ সতা কথা প্রকাশ্যে বলে জাতীয়তা বোধের পরিচয় দিতে চান না, তাঁর। নিজেদের ফাঁকি দিয়ে বিশেষ কোন সম্প্রদায়ের বন্ধ্ বলে দেখাতে চোট। করেছিলেন। **আজকে যে আলোচনা হল সেই আলোচনা অনেক আগেই হওয়া উচিত ছিল। বলকা**তাৰ রাস্তায় যদি এই অলোচনা হত তাহলে এত সময় লাগত না, আমি এও জানি এই প্রস্তাবের কোন মূল্য নেই, বেরুবাড়ী সম্বশ্বে আমরা একমত হয়ে প্রস্তাব পাস করেছি, আসাম সম্বশ্বে আমরা সর্বসম্মত প্রস্তাব পাস করেছি কিন্তু কোন কাজ হয় নি। এই প্রস্তাবেও কোন কাজ হবে না। আমরা যারা পার বংগের মাইনরিটির জন্য ভাবি, যাদের পর্ববংগে একদিন বাড়ীঘর ছিল এখনও আত্মীয়-স্বজন আছে, যারা পূর্ববিষ্ণা থেকে এখানে এসেছে তাঁরা আপনার মারফং, এই সভাব মারফং ভারত সরকারকে জানাতে চাই যে আমরা অতাশ্ত বেদনা বিহ্নল চিত্তে এই প্রস্তান আলোচনা করছি, এটা সহজ সমস্যা নয়, এটা রাজনৈতিক সমস্যা যে রাজনৈতিক কান্দে আজকে ভারতবর্ষ দিবখণ্ডিত হয়েছে, প্রেবিংগ পশ্চিমবংগ হয়েছে এই বংলার বলি হিস্তা, দ্বাধীনতাব বলি হিসাবে যারা ওখানে রয়ে গেছে তাঁদের প্রতি যে গভীর দায়িত্ব ভারত স্বক।রর রয়ে গেছে সে সম্পর্কে পশ্চিমবংগ্যর কাউন্সিল সভাগ: তারা শুধু জাগিয়ে দেবার চেণ্টা করছে যে এই দায়িত্বকে যেন অবহেলা করা না হয়।

Shri Tripurari Chakravarti:

মানীয় সভাপতি মহাশয়, খ্বই বেদনাদায়ক এবং মর্মণ্ডুদ আলোচন র মধ্য দিয়া তাজকে আমাদের এই অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে। কংগ্রেস বেশ্ব থেকে শ্রীষ্ত রবীলুলাল সিংহ এবং ডাঃ চার্চন্দ্র সান্যালের সংশোধনী প্রস্কাবের উপর তাদের মণ্ডবা আমি খ্ব মনোযোগ সহকাবে শ্রেছি: কিন্তু দ্বংখের কথা আজকে বলতে চাই য়ে, আমার শ্রুদেয় বন্ধ্র রবীলুলাল সিংহ মহাশয় একথা বলতে একট্ দিবধা করলেন না য়ে দলীয় স্বার্থবি, দিবর দ্বাবা ওণোদিত হয়ে আমরা এখান থেকে এই প্রস্তাব এনেছি। এ তো দলীয় স্বার্থের কোন প্রশ্ন নয়, দলীয় স্বার্থের কথা নয়। তা ছাড়া আর একটা কথা রবীলুলাল সিংহ মহাশয় বল্লেন যে প্রবিগে এখনও ৬০০ লক্ষ হিন্দ্র বাস করে তাদের জনা কেমন করে পশ্চিম বাংলার দরজা খ্লে দেব : অবশা দ্বজেন্দ্রলাল সেনগ্র্পত মহাশয় বলতে চেটা করলেন এত লোক আসবে না, ভয় পাওয়র কোন কারে নেই। আমি সেদিক থেকে এটাকে দেখতে চাই না—র্যদি প্রয়েজন হয় দবলে খ্লে দেবো খ্লে দিতে হবে। ৮০ লক্ষ হিন্দ্রক আ সতে দিতে হবে—এই প্রতিশ্রুতি একদিন আমর দিয়েছিলাম মাননীয় ম্থামন্ত্রী নিন্দরই এটা মনে করবেন। ইতিহাসের ছাত্র আমি—১৯৪৬-৪৭ সালের ইতিহাস আমি প্রখান্প্রথমর্পে জানি। সেদিনের কথা— স্রার্বিদ্ এবং শরংকন্দ্র বোস মহাশয় এক ন্তন প্রস্তাব এনেছিলেন, ইন্ডিপেন্ডেন্ট ইউনাইটেড বেণ্ডাল, স্বাধীন সার্বভৌষ বাংলা স্থাপিত হবে সকলের জন্য, ভারত সরকারের সপ্যে কোন সম্পর্ক থাকবে না। মহাত্র

গান্দ্রী একথা বলেছিলেন, আমি এই প্রস্তাব সমর্থনিযোগ্য বলে মনে করি। আজ যদি বাংলা সেই অংশ গ্রহণ করে আমার তাতে আপত্তি নেই। শ্যামাপ্রসাদের সপ্যে আমার আলোচনা হয়েছিল— তিনি আমাকে ডেকে পাঠিয়ে বলেছিলেন আপনি কি মনে করেন আমার সকলে কি ডুবে যাবো, বাঁচবার উপার কি মনে করেন? বাংলা দ্বিথণ্ডিত হোক, আমারা এই প্রতিগ্রুতি দেবো—একথা নিশ্চরই ওরা বলবেন, যারা ট্রেজারী বেণ্ডে বসে আছেন, তা না হলে আমি চ্যাপটার আদ্ভ ভার্স এনে দেখাবো—বলেছিলেন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয় –যে এই প্রতিগ্রুতি দেবো, বাংলা এখন দ্বিথণ্ডিত হোক, পূর্ববংগর হিন্দুরো পশ্চিমবংগ আশ্রয় পাবে, এটা হবে সমস্ত হিন্দুরে ন্যাশনাল হোম, পিতৃভূমি। স্তরাং পশ্চিমবংগ কেবলমাত্র পশ্চিমবংগর হিন্দুদের জন্য নয়, বাংলার সমস্ত হিন্দুদের জন্য এই পশ্চিমবংগ ন্যাশনাল হোম, একথাটা সেদিন বার বার বাবহার করা হয়েছিল। আর একটা কথা বাবহার করা হয়েছিল সেটা হল প্রমিজড্ ল্যান্ড, পূর্ববংগ থেকে এখানে সকলে আসতে পারবে। আজ দ্ঃথের বিষয় কোন মোজেসকে দেখতে পাছি না—পূর্ববংগর হিন্দুদের মধ্যে বা পশ্চিমবংগর হিন্দুদের মধ্যে যিনি পূর্ববংগ থেকে ৮০ লক্ষ হিন্দুকে নিয়ে আসতে সমর্থ হবেন এই ভারতবর্ষে। আমরা সেটা চাই এতে কোন ভয়ের কারণ নেই।

⁶-30—6-40 p.m.]

একথা কিছ,তেই আমি বিশ্বাস করতে পারি না- যে এতবড় ভারতবর্ষ, যেখানে ৪০ কোটির উপর লোক বাস করে. সেখানে আরো ৮০ লক্ষ হিন্দরে প্থান হবে না! একথা বিশ্বাস করতে কিছাতে রাজি নই আমি। নিশ্চয়ই একটা ব্যবস্থা করা যেতে পারে। যে প্রতিশ্রতি দিয়েছিলাম আমরা সকলে মিলে সেদিন, সেই প্রতিশ্রতি রক্ষা করা দরকার। আমাদের অনেকের একথা ম্মরণ আছে- যেদিন মহম্মদ আলি জিলা তিনি চাচ্চিলেন তাই -আসাম এবং সমুহত বাংলা নিয়ে এই পার্ব পাকিস্তান হবে এক সংখ্য এক জোটে এবং যখন বাংলা দ্বিখণ্ডিত হলো, তিনি তখন দুঃখের সঙ্গে বলেছিলেন কি পেলাম। Moth-eaten truncated Pakistan. কিন্ত একথা আমাদের মনে রাখা উচিত, বার বার সেদিন পরেবিংগের হিন্দু,গণকে আমরা আশ্বাস দিয়েছিলাম যে পশ্চিমবংগে তাদের আশ্রয় মিলবে, এখানে তারা নিরাপন্তার সংখ্য এই পশ্চিমবংখ্য বাস করতে পারবে। অজে সেই প্রতিশ্রতি রক্ষার দিন এসেছে এবং আমি মনে করি যে তাদের সক**লকে** এখানে আসতে দেওয়া উচিত। আর তা ছাড়াও মাননীয় সভাপতি মহাশয়, আর একটা বড় কথা আছে যে কথা আমি বার বার বলতে চাই--মানবিকতার দিক থেকে বলতে চাই যে, পার্ববিংগ যে অত্যাচার আরম্ভ হয়েছে, যে বর্বরতার অভিযান সেখানে চলেছে, তাতে আমরা এখানে পশ্চিম-বঙ্গে বাস করে নারব থাকতে পারি না। আমাদের আজ বলবার সময় নিশ্চয়ই এসেছে, পূর্ব-বঙ্গের সমস্ত হিন্দুগণকে যে--তোমাদের ভয় নাই। আমরা তোমাদের সাগ্রহে গ্রহণ করবো, বরণ করে নেব। আমাদের প্রধানমন্ত্রী জওহরলাল নেহর, বার বার বলেন অবশ্য তিনি উচ্চকণ্ঠে ঘোষণা করেন---

Inlia has been divided not on the religious basis, but on the territorial basis একথা প্রধানমন্ত্রী বার বার উচ্চকণ্ঠে ঘোষণা করেন। একথার ভেতর যে কোন সতা নাই তা অস্বীকার করবার জো নাই—

India has been divided on the religious basis, on the religious question তা যদি না হতো তা হহলে পূর্ববংগার হিন্দুদের উপর এই রকম অবাধ অত্যাচার চলতে পারত না এবং তা যদি না হতো, তা হলে কোটি কোটি টাকা ব্যয় করে, খরচ করে কাম্পারে ম্সলমানদের ভোট এবং সমর্থন রক্ষা করবার জনা চেন্টা চলতো না। বন্ধারর যতীন চক্রবর্তী বেশি বলেন নি, কাম্মারের কথা আর কি বলেছেন। হাজার হাজার কোটি টাকা কাম্মারে খরচ করা হয়েছে, খারো খরচ করা হছে—যাতে কাম্মারের ম্সলমানরা পাকিস্তান সমর্থন না করেন। আজ সরকার সে কথা ভোবে দেখুন। ১৯৪৭ সালে বন্ধা শাণাক সান্যাল হয়ত সেদিন বাংলার লেজিসলেটিভ জ্যাসেন্বলিতে, পূর্ববেণের এম এল এ-রা যদি সেদিন ভোট না দিতেন তাহলে বাংলা দ্বিখণ্ডত

হতো না, প্র্বিপোর এম এল এ খারা,

Members of the Legislative Assembly

ভাঁরা ভোট দিয়ে পশ্চিমবংশ স্বর্গরাজ্য আমাদের জন্য স্থিট করে দিয়ে গেছেন। আজু আমরা এই স্বর্গরাজ্যে প্রতিষ্ঠিত হয়ে তাদের কথা একেবারে বিস্মৃত হয়েছি। আজকে সেই জন্য বলতে চাই মহাপ্রস্থান পর্ব আরুল্ড হোক। পূর্বপাকিস্তান থেকে পশ্চিমবংশ্য স্বর্গারোহণের জন্য পূর্বপাকিস্তান থেকে মহাপ্রস্থান পর্ব আরুল্ড হোক। আমি.সেই মহাপ্রস্থান পর্বকে স্বাগত জানাবো, সম্বর্ধনা জানাবো। আর একটা কথা, রবীন্দ্রনাথের কথা আজকে মনে পড়ছে বার বার। ১৯৩৭ সালে লেখা প্রান্তিকের কবিতায়, সেদিন ইউরোপে নাথ্সি বিভংসতা দেখে অম্প কিছ্—এমন কিছ্ই নয়—রবীন্দ্রনাথের দরদী মন থেকে, দরদী কণ্ঠ থেকে এই কাব্য উচ্চারিত হয়েছিল, "শিশ্বোতী, নারীঘাতী কুংসিত বীভংসতা অন্থিক হচ্ছে পূর্ববংগ। আজক আম.দের মধ্যে সে মানুষ নেই। কবি প্রার্থনা করেছিলেন,

"মহাকাল সিংহাসনে সমাসীন বিচারক, শক্তি দাও শক্তি দাও মোরে, কণ্ঠে মোর আনো বছুবাণী, শিশ্বাতী, নারীঘাতী, কুর্ণসিত বীভংসা পরে ধিক্তার হানিতে পারি যেন নিত্যকাল রবে যা স্পন্দিতে লক্ষাত্র ঐতিহ্যের হ্দস্পন্দন্"

আজকে সেইটাই ভূলে যাচ্ছেন, সেকথা। প্র প্রতিশ্রতি ভূলে যাচ্ছি, কি আশ্বাস দিয়েছিলাম, ভূলে যাচ্ছি কেমন করে তাদেরই সমর্থন নিয়ে এই পশ্চিমবংগ, ওয়েন্ট বেংগল রাষ্ট্র আমরা রচনা করেছি। যাই হোক না কেন, যে ঘটনা ঘটুক, আমি বলি ৮০ লক্ষ হিন্দু চলে আস্ক। যদি প্রয়োজন হয় আমরা তাদের জন্য বাবন্থা করবো। তাদের স্থান দিতেই হবে এর মধ্যে কোন দলায় স্বার্থ নেই, কোন দলগত প্রশন নেই। একথাও স্বীকার করবো না, ইচ্ছা করলে এই পশ্চিমবংগ বা সমগ্র ভারতবর্ষে আমাদের এই হতভাগা, বেদনার্ত, নিপীড়িত ভাইবোনদের ব্যবস্থা করতে পারি না, একথা কিছুতেই বিশ্বাস করতে আমি প্রস্কৃত নই।

The Hon'ble Prafulia Chandra Sen:

মাননীয় সভাপতি, আজকে মাননীয় বন্ধ্ শ্লীযতীন চক্রবর্তী মহাশয়ের যে রেজলিউশন আমরা আলোচনা করছি সেটার উদ্দেশ্য খুবই সংকীণ, তিনি বলেছেন

"West Bengal Government should immediately approach the Union Government to lift the ban imposed by the latter on the migration of the minorities from East Pakistan to India and to issue migration certificates on a liberal scale to all of them who intend to cross over to and take shelter in India".

আর মাননীয় শ্রীরবীন্দ্রলাল সিংহ মহাশয় এবং ডাঃ চার্চন্দ্র সান্যাল মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তার সংগ্র এমন কিছু তফাং নেই। তাঁরা বলেছেন,

"that the West Bengal Government should approach the Union Government to issue migration certificates on a more liberal scale to those members of the minority community in East Pakistan who intend to cross over and take shelter in India".

অবশ্য এই প্রস্তাবের উপর আমরা অনেক কথা শ্নলাম, অনেক প্রয়েজনীয় কথা শ্নেছি।
আমরা শ্নলাম সাম্প্রদায়িকতার কথা। আমার মাননীয় বন্ধ্ দ্রী সান্যাল মহাশয় জন্মশাসন ও
জন্ম নিরুদ্রণের কথাও বলেছেন। আমরা শ্নলাম সীমানত নাকি আমরা একদম সীল করে
দিরেছি। আমরা শ্নলাম দে বারা এসেছে তাদের নাকি রিলিফ দেবার ব্যবস্থা নেই, ইত্যাদি,
ইত্যাদি। আমাদের ভারতবর্ধ যে বিভক্ত হয়েছিল বা আমাদের বাংলাদেশ বে বিভক্ত হয়েছিল,
মাননীয় সভাপতি মহাশায়, আপনি জানেন, এই পার্টিশন-এর বাপোরে সমস্ত দল, এমন কি
স্রম্পের স্বর্গীয় ডাঃ শ্যামাপ্রসাদ ম্থোপাধ্যায় পর্যন্ত এই পার্টিশন-এর পক্ষে ছিলেন। এবং
এই হাউস-এ, এই অ্যানেন্বলীতে বন্ধন সভা হয়েছিল, তন্ধন আমার বভদ্র জানা আছে,
subject to correction by my honourable friend Shri Sanyal

বোধ হয় তিনিও এখানকার সদস্য ছিলেন।

Shri Basanka Sekhar Sanyal:

আমি তখন সেন্টার-এ ছিলাম এবং শরং বোসের নেতৃদ্ধে, এই পার্টিশন-এর বিরুদ্ধে অ্যাঞ্জ এ প্রোটেন্ট, রিজাইন দিয়ে আসি।

The Hon'bie Prafutia Chandra Son:

আমি এইট্রকু বলভে পারি যে, হিন্দ্র সদস্যরা তখন বোধ হয় উপরে একটা ঘরে বর্সোছলেন এবং সমল্ভ মুসলমান সদস্যরা নীচে একটা ঘরে বর্সোছলেন। হিন্দ্র সদস্যরা, যে দলেরই ভারা হোক না কেন, সকলে মিলে এই প্রস্তাব গ্রহণ করেছিলেন যে পার্টিশন হওয়া দরকার।

[6-40-6-50 p.m.]

তাঁরা মনে করেছিলেন যদি অখণ্ড বাংলাদেশ থাকে—হয়ত তাদের বিচারের মধ্যে সাম্প্রদায়িকতা ছিল—তারা মনে করেছিলেন যদি অথণ্ড বাংলাদেশ থাকে তাহলে আমাদের সমগ্র বাংলাদেশে মাসলমান ভাইদের একটা প্রাধান্য হবে—অর্থাৎ আডাল্ট ফ্রানচাইজ হলে তাহলে हत्व अवर यान कारान हेरनकरहोत्त्रहे हम जाहरन अनुननमान छाहेरन श्री जीनीय दिनी धाकरव। এটা অনেকের মনে ছিল। যাই মনে থাক না কেন এই পার্টিশনে আমি বলতে পারি সকল দলের লোকের মত ছিল এমন কি স্বৰ্গীয় ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জি নিজে মত দিয়েছিলেন। আমি নিজে শ্রনেছি ডাঃ মুখার্জির এ সম্বদ্ধে বক্কতা এবং তার সাথে আমি ব্যক্তিগতভাবে আলোচনাও করেছিলাম। কথা রইল এইটাুকু যে প্রবাংলা থেকে কিংবা পশ্চিম পাঞ্জাব থেকে হিন্দা বা শিখেরা—অর্থাৎ অমুসলম নরা এলৈ পর ভারতবর্ষে আশ্রয় পাবে কিনা ভারতবর্ষে তাদের পুনর্বাসনের ব্যবস্থা হবে কিনা। সেই ব্যবস্থা আমাদের নেতারা করেছিলেন- তাঁরা বলেছিলেন --হাাঁ, নিশ্চয়ই হবে। কিন্তু কতদিনে হবে, কতদিনে আমরা বলব যে তোমরা এখানে পাকিল্তানী, স্থায়ী বসবাস করতে পারবে না। আমরা জানি ১৯৫১ সালের ৩১এ ডিসেম্বর পর্যকত পূর্ববাংলা থেকে পশ্চিমবাংলায় যারা এসেছেন তাদের সংজ্ঞা ছিল এরা হলেন ডিসপ্লেসড পারসনস, অর্থাৎ তাদের সর্বপ্রকার সাহায্য দেওয়া হবে প নর্বাসনের জন্য। ৯৯৫১ সাল পর্যন্ত যারা এসেছেন মাননীয় বন্ধ্বগণ বোধ হয় জানেন যে পর্ববংলায় যথন পার্টিশন হয় তথন হিন্দুদের সংখ্যা প্রায় ১ কোটি ৩৫ লক্ষ ছিল, আমার সংখ্যা ভুল হতে পারে---আমুমার যতদ্বের জানা আছে অর্থাৎ ১৪ই বছর পূর্ববাংলায় হিন্দুর সংখ্যা ছিল এক কোটি ৩৫ লক্ষ—তার মধ্যে প্রায় ৪৫ লক্ষ চলে এসেছে। ৪৫ লক্ষ চলে এসেছে—তাদের সাহাযোর জন্য তাদের পানবাসনের জ্বন্যে আমাদের ইস্টার্ন জোন-এ কেন্দ্রীয় সরকার ১৯৬ কোটি টাকা খরচ করেছেন, তাদের রাস্তায় ফেলে দেন নি। আমাদের পশ্চিমবাংলায় যারা এসেছেন তাদের সংখ্যা প্রায় ৩৩ লক্ষ্ণ এবং তাদের সাহায্য এবং পানবাসন খাতে '৬১ সালের ৩১এ মার্চ পর্যান্ত ১২৬ কোটি টাকা বায় করা হয়েছে। কিন্তু এই জিনিস কভদিন চলবে এইটাই সবচেয়ে বড় প্রশন। আমার এক মাননীয় বন্ধ, বললেন যে ৮০ লক্ষ লোকের কি জায়গা হবে না? যেথানে ৪৪ কোটি লোক আছে সেখানে ৮০, লক্ষ লোকের জায়গা হতে পারে, কিন্তু পূর্ববাংলায় ৮০ লক্ষ নয়---এখন যা সেনসাস তাতে হিন্দুদের সংখ্যা ১ কোটি দাঁড়িয়েছে। বিশ্বি তো হয়েছে, জন্মশাসন যে ষতই কর্ন না কেন সেখানে হিন্দুদের সংখ্যা বেড়েছে। আমাদের দেশে যেমন বেড়েছে সেখানেও তেমনি বেড়েছে। সেখানে এখন হিন্দুদের সংখ্যা প্রায় ১ কোটি-চলে এসেছে প্রায় ৪৫ লক্ষ। এখনও সেখানে আছে এক কোটি। হিন্দুদের যদি নিরাপত্তা সেখানে এতদিন না খাকত তাদের স্বোপাজিত ধনের নিরাপত্তা তারা যদি বোধ না করতে পারত তাহলে দেখতাম ১৯৪৮. '८৯. '৫০. '৫১ সালের মধ্যেই সবাই চলে এসেছে। আপনারা সকলেই জানেন বে আমারা ১৯৫৮ সালে একটা নিয়াম করলাম, যখন দেখলাম এখন বেশী লোক আর আসছে না, সামান্য লোক আসছে—মাইগ্রেশন সার্টি ফিকেটের জন্য আমাদের চেপ্রটি হাই কমিশনার-এর কাছে বেশি লোক যাছে না।

Shri Sasanka Bokhar Sanyal: আমাদের খবর অস্ততঃপক্তে ২০ হাজার দরখাসত পঞ্ছেছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

এক কোটির মধো—আমি মেনে নিলাম মাননীয় শশাৎক সান্যাল মহাশয়ের কথা, এক কোটির মধ্যে ২০ হাজার কি? আমার বন্ধব্য বিষয় ষেটা অনুগ্রহ করে যদি সদস্যগণ শোনেন তাহলে নিশ্চয়ই বলবেন আমি কোন অন্যায় কথা বলছি না; আমার বস্তব্য, এক কোটি ৩৫ লক্ষ হিন্দুর মধ্যে ৪৫ লক্ষ হিন্দ্র চলে এল, যে হিন্দ্র ছিল তার সংখ্যা বেড়ে এক কোটি হল। এবং আমরা বলেছিলাম অমূক তারিখ পর্যকত এলে পর আমরা গণ্য করব ডিসপ্লেসড পারসন বলে, তারপর এলে পর গণ্য করব না। যারা ওথানে চাষ করছেন, ওকালতি করছেন, ভান্তারী করছেন—তাঁরা হঠাৎ করছেন না, ১৯৪৭ সালেও করেছেন, ১৯৪৮ সালেও করেছেন, ১৯৪৯এ করেছেন, ১৯৫০এ করেছেন, ১৯৫১ সালেও করেছেন, ১৯৫২ সালেও করেছেন, ১৯৬১-৬২ সাল পর্যন্ত করছেন। আমি বিশ্বাস করি না, আমার শ্রন্থেয় বন্ধ, অধ্যাপক চিপ্রোরী চক্রবতী যা বলেছেন, ৮০ লক্ষ চলে আসবে, আমি একথা বিশ্বাস করি না। কেন আসবে? যাঁরা আজকে ওখানে আছেন তাদের সকলেরই জীবন এমন নয় যে তাদের চলে আসতে হবে। তাহলে দেখতেন পঞাপালের মতো চলে আসতো। এখানে প্রশ্ন হচ্ছে, মৌলিক প্রশ্ন হচ্ছে, আমাদের প্রশেষয় বন্ধ্ব শ্রীয**়**ঙ শশা•ক সান্যাল মহাশয় যেসব কথা বল্লেন, তিনি বল্লেন আমি সাম্প্রদায়িক মনোভাব থেকে কথা বলছি: কিন্তু আমি যে সমুস্ত কথা এখানে বলেছি এবং লোয়ার হাউস-এ যে কথা বলেছিলাম তা উল্লেখ করেই তিনি বলেছেন, সংবাদপত্তে সঠিকভাবে বের হয় নি আমার বক্তৃতা, তিনি সেদিন উপস্থিত ছিলেন কিনা আমি জানি না, আমি এই কথাই বলেছিলাম ভারতবর্ষের যা ভিত্তি আমাদের সংবিধান যে কথা বলেছে, পাকিস্তানের সেই ভিত্তি নয়, পাকিস্তানের সংবিধানে কি আছে না আছে আমি জানি না। আমরা কি কথা বলেছিলাম? আমরা বলেছিলাম আমাদের এটা হিন্দ্ রাণ্ট্র নয়, তাঁরা বলতে পারেন তাঁদের ঐশ্লামিক রাণ্ট্র, আমরা বলেছিলাম আমাদের এখানে সেকুলার স্টেট রয়েছে। আমি সেদিন একথাই বলেছিলাম, সেটাই প্নর ্ল্লেখ করছি— মাননীয় সভাপতি মহাশয়, আমাদের এথানে হিন্দু আছে, হিন্দুর মধ্যে কত জাত আছে, এখানে কি আমরা জাতিভেদ প্রথা তুলে দিয়েছি?—তুলে দিই নি। আমাদের এখানে বৌন্ধ আছেন. জৈন আছেন, আমাদের এখানে পাশী আছেন, আমাদের এখানে খ্রীস্টান আছেন, আমাদের এখানে ম্সলমান আছেন, ম্সলমান ধর্মের লোক আছেন। আমাদের সংবিধান এই কথা বলেছে, ঘোষণা করেছে, আমরা একথা বলেছি আমাদের ধর্মনিরপেক্ষ রাণ্ট্র। কাজেকাজেই আমরা এমন কথা বলব না, আমরা এমন কোন কাজ করব না যাতে করে আমাদের এই যে দ্ঢ়ভিত্তি, ভারতবর্ষের ঐতিহা, ভারতবর্ষের মর্মবাণী, মর্মকথা সেটা যাতে ক্ষ্র্য না হয়। মাননীয় বন্ধ_র শ্রীষ্ত্ত শশাৎক সান্যাল মহাশয় যে কথা বলেছেন, মুসলমানরা অনেক বিবাহ করতে পারেন, হিন্দ্রো পারেন না, আমি তাঁকে বলতে পারি আজকে আমরা জন্মশাসনের কথা বলছি, জন্মনিয়ন্দ্রণের কথা বলছি, শৃংধু হিন্দুর জনাই বলছি না. খ্রীস্টানদের জন্য বলছি না, শৃংধু পাশীর জন্য বলছি না, আমরা ম্<mark>সলমান</mark>দের জন্যও বলছি। আমি মাননীয় বন্ধ**ু শশাৎক সান্যাল মহাশয়কে বলতে পারি**, অধ্যাপক নিমলি বস মহাশয় কিছ্বিদন আগে আমার কাছে এসেছিলেন, তিনি বল্লেন, আমরা গবেষণা করেন—একটা একটি মেয়েকে পাঠিয়েছিল৷ম—তিনি এসব জিনিষ নিয়ে ২৪-প্রগনায়, সেই গ্রামে প্রায় শতক্রা ৫২ জন অধিবাসিই মুসলমান এবং মুসলমান পাডাতেই সেই মেয়েটিকে পাঠিয়েছিলাম, এবং সেখানে গিয়ে সে জন্মনিয়ল্তণের সেখানকার মুসলমান মহিলারা বল্লেন, আমাদের দরকার জন্মনিয়ন্তণের, আমাদের জীবন দুর্বিষহ, আমাদের ছেলে হচ্ছে, আমাদের সংসারের অবস্থা ভাল নয়, আজকে ম্যালেরিয়া নেই, কোন প্রকার রোগ নেই. আমরাও চাই জন্মনিয়ন্ত্রণ। এই যে জন্মনিয়ন্ত্রণ এ এখানে আমাদের দেশে বাধাতা-ম্লক হয় নি। জন্মনিয়ন্ত্রণ হিন্দৃত করবে, যাঁরা দেশকে ভালবাসেন, নিজের কল্যাণ মঞ্গল চান, খ্রীস্টান, পার্শি করবেন, সকলেই করবেন। আমার বস্তব্য হচ্ছে, পূর্বপাকিস্তান থেকে, পূর্ববাংলা থেকে আমরা অবাধে লোক আসতে দেব কিনা, আমরা অবাধে আসতে দিয়েছি কিনা, বর্ডার সিল করেছি কিনা—তার উত্তর হচ্ছে—না, **র্যাদ** করতাম—আমি মাননীয় বন্ধ্ব শশাৎক সান্যালকে অনুরোধ করব আমার কথা শ্বনতে, আমি তাঁর কথা শ্বনছি—

Shri Sasanka Sekhar Sanyal:

আমি জিজ্ঞাসা করছি, এতে উত্তেজিত হবার কি আছে ? প্রশ্নটা হচ্ছে, পাকিস্তানে আমাদের ইন্ডিরান হাই কমিশন অফিসে রাজসাহীর ২০ হাজার আগিলকেশন পেন্ডিং, পাবনা, ঢাকা, রংপ্রের, দিনাজপ্রের হাজার হাজার দরখাসত পেন্ডিং আছে, সেগ্নিল আপনারা আটকে রেখে দিচ্ছেন আর বলছেন আপনারা ব্যান করছেন না. এটার মধ্যে সামঞ্জস্য কোথায় ?

[6-50-7 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

